হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৮১ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ১০ জুলাই ২০২৫ ইং ঃ ২৬ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



ভয়ের মধ্যে বাঁচা যায় না, এখনও পুরোপুরি স্বাভাবিক হতে পারিনি : কারিনা -পৃষ্ঠা-৩




## ১০ জুলাই: বাংলা ব্লকেডে স্থবির দেশ, দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিলের দাবিতে ২০২৪ সালের ১০ জুলাই (বুধবার) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বানে সারাদেশে সকাল-সন্ধ্যা 'বাংলা ব্লকেড' কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা।
'বাংলা ব্লকেড' কর্মসূচির অংশ হিসেবে শিক্ষার্থীরা রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে সড়ক ও রেলপথ অবরোধ করে বিক্ষোভ করেন। এতে কার্যত স্থবির হয়ে পড়ে দেশ।
সরকার শিক্ষার্থীদের দাবি না মানায় 'বাংলা ব্লকেড' কর্মসূচি পালন শেষে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।
এক দফা দাবি আদায়ে পরের দিন বৃহস্পতিবার (১১ জুলাই) বিকেল সাড়ে ৩ টা থেকে সারাদেশে 'বাংলা ব্লকেড'

২-এর পৃষ্ঠা দেখুন

# ১৩০ বছর বয়সেও বঞ্চিত আজিমন বেওয়া আর কত হলে মিলবে বয়স্ক ভাতার কার্ড?



রাব্বি আহমেদ

ভাঙা চালা ঘর। কুঁচকে যাওয়া মুখমণ্ডলে শত বছরের ক্লান্তি। ছেঁড়া গেঞ্জি আর পাতলা কাপড়ের নিচে হাড়সার এক শরীর। কথা বলতে পারেন না, শুধু চোখে তাকিয়ে বোঝাতে চান জীবনের অভাব-অভিযোগ। বলছি গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের মধ্যে পাড়ার বাসিন্দা আজিমন বেওয়ার কথা। বয়স প্রায় ১৩০ বছরড়এ দাবি তার পরিবার ও প্রতিবেশীদের।
কিন্তু এত দীর্ঘ জীবনের পরও তার কপালে জোটেনি বয়স্ক ভাতার কার্ড, মেলেনি কোনো সরকারি সহায়তা। পরিবার ও স্থানীয়দের অভিযোগ, জনপ্রতিনিধিদের উদাসীনতার কারণেই এতদিনেও তার নাম ওঠেনি সরকারি কোনো তালিকায়। আজিমনের একমাত্র দেখভালের দায়িত্বে থাকা নাতনি রতনা খাতুন বলেন, "আমার দাদি একটি জরাজীর্ণ ঘরে ছাগলের সঙ্গে বসবাস করেন। অর্থের অভাবে ঘরটাও ঠিক করতে পারিনি। সরকারিভাবে কোনো সহযোগিতা পাই না। এত বয়সের পরও বয়স্ক ভাতার কার্ড হয়নিড়এর চেয়ে দুঃখ আর কী হতে পারে?" নাতি শাহাবুদ্দিন বলেন, "আমার বয়সও ৬৫ পেরিয়েছে। কিন্তু কখনো দেখিনি দাদির কোনো সরকারি সুবিধা পেয়েছে। মেম্বার-চেয়ারম্যান কেউ খোঁজ নেন না।" স্থানীয় বাসিন্দা মো. লাল্টু মিয়া জানান, "অনেক বছর ধরেই দেখে আসছি তিনি কষ্ট করে জীবন কাটাচ্ছেন। ছেলে-মেয়ে কেউ নেই। এক নাতনি তাকে যতটুকু পারে, দেখাশোনা করে। সরকার যদি একটু নজর দিত, তার জীবনটা অন্তত শেষ বয়সে একটু স্বস্তির হতো।" স্থানীয় ইউপি সদস্য ফুল চাঁদ আলী বলেন, "বিষয়টি আগে জানতাম না। দ্রুত তার বাড়িতে গিয়ে খোঁজখবর নিয়ে ব্যবস্থা নেওয়া হবে। যদি অন্য কেউ ভাতার টাকা উত্তোলন করে থাকে, সেটিও তদন্ত করব।" কাজিপুর

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে বিএনপির সদস্য নবায়ন ও সদস্য সংগ্রহ কর্মসূচির জমকালো উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদস্য নবায়ন ও প্রাথমিক সদস্য সংগ্রহ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৯ জুলাই) দুপুর ২টায় মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে আয়োজিত এ অনুষ্ঠানে জেলা ও উপজেলা পর্যায়ের বিপুল সংখ্যক নেতাকর্মীর অংশগ্রহণে পুরো এলাকা পরিণত হয় এক রাজনৈতিক মিলনমেলায়। কমিউনিটি সেন্টারের ভেতরে-বাইরে দলীয় নেতাকর্মীদের ভিড়, নানা রঙের ব্যানার-পোস্টার, মিছিল ও স্লোগানে মুখর ছিল পুরো আয়োজন। এতে শুধু দলীয় কর্মীরা নয়, স্থানীয় সাধারণ জনগণের মধ্যেও ব্যাপক আগ্রহ লক্ষ করা যায়। রাজনীতিতে বিএনপির সক্রিয় অংশগ্রহণ এবং সাংগঠনিক শক্তি পুনরুদ্ধারে এই কর্মসূচি নতুন মাত্রা যোগ করবেড় এমনটিই মনে করছেন সংশ্লিষ্টরা।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন। উদ্বোধক ছিলেন বাংলাদেশ যুবদলের কেন্দ্রীয় কমিটির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সাঈদ ইকবাল মাহমুদ টিটো। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, বুয়েট শাখা ছাত্রদলের সাবেক সভাপতি আল মামুন গাজী এবং কেন্দ্রীয় ছাত্রদলের সাবেক সহ-সাধারণ সম্পাদক ডা. সাব্বির শরিফ। জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ এর সঞ্চালনায় প্রধান অতিথি জেলা আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জুলাই অভ্যুত্থান দিবস উদযাপনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে 'জুলাই অভ্যুত্থান' দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে গতকাল বুধবার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।
জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন,"জুলাই অভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে একটি ঐতিহাসিক ও গৌরবোজ্জ্বল অধ্যায়। আমাদের

২-এর পৃষ্ঠা দেখুন

## এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ আজ

সূর্যোদয় প্রতিবেদন

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল আজ (বৃহস্পতিবার, ১০ জুলাই) প্রকাশিত হবে। দুপুরে একযোগে দেশের ১১টি শিক্ষা বোর্ড ফল ঘোষণা করবে। ফল পাওয়া যাবে সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইট, শিক্ষা প্রতিষ্ঠান এবং মোবাইল এসএমএসের মাধ্যমে।
এসএমএসে ফল জানতে: SSC <Board> <Roll> <Year> ফরম্যাটে লিখে পাঠাতে হবে ১৬২২২ নম্বরে। মাদ্রাসা বোর্ডের জন্য গধফ এবং কারিগরি বোর্ডের জন্য এঃবপ লিখতে হবে। ফলাফলে অসন্তুষ্ট

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে এডিপি'র অর্থায়নে বিনামূল্যে ওষুধ বিতরণ কর্মসূচি

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলা পরিষদের উদ্যোগে এবং সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থায়নে অনুষ্ঠিত হলো বিনামূল্যে ওষুধ বিতরণ কর্মসূচি, যা সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্যসেবার সুযোগ বৃদ্ধি করেছে। গতকাল বুধবার (৯ জুলাই) দুপুরে সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস মিলনায়তনে আয়োজন করা হয় এই

২-এর পৃষ্ঠা দেখুন

## ইরান প্রমাণ করেছে, একসাথে যুক্তরাষ্ট্র ও ইসরাইলের মুখোমুখি হতে সক্ষম

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর সাবেক প্রধান কমান্ডার মেজর জেনারেল মহসেন রেজায়ি বলেছেন, গত মাসে ইসরাইল ও যুক্তরাষ্ট্রের আগ্রাসনের পাল্টা জবাবের মাধ্যমে ইরান প্রমাণ করেছে যে, তারা ওয়াশিংটন ও তেলআবিবকে একসাথে চ্যালেঞ্জ করার ক্ষমতা রাখে।
টেলিভিশনে সম্প্রচারিত এক সাক্ষাৎকারে রেজায়ি বলেন, ইরানের এই সফল প্রতিরোধ লেফটেন্যান্ট জেনারেল কাসেম সোলাইমানির সেই কথার কথা মনে করিয়ে দেয়, যখন তিনি বলেছিলেন, 'আমি সেই ব্যক্তি,

২-এর পৃষ্ঠা দেখুন




## প্রাথমিক শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি মেহেরপুর সদর উপজেলা শাখার উদ্যোগে বুধবার (৯ জুলাই) প্রাথমিক শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সদর উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি

২-এর পৃষ্ঠা দেখুন




## বিসিডিএস'র মেহেরপুর সদর ও মুজিবনগর কমিটি গঠন

মেহেরপুর প্রতিনিধি

বাংলাদেশ কেমিস্টস্ অ্যান্ড ড্রাগিস্টস্ সমিতি (বিসিডিএস) মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর ও মুজিবনগর উপজেলা শাখার কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। একইসঙ্গে অনুষ্ঠিত হয়েছে এক আলোচনা সভা, যেখানে জেলার ঔষধ ব্যবসায়ীদের বিভিন্ন সমস্যা ও করণীয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।
গতকাল বুধবার বেলা সাড়ে ১২টার দিকে মেহেরপুর শহরের স্বাদ বিলাস রেস্তোরাঁর সভাকক্ষে জেলা সভাপতি আব্দুল লতিবের

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় স্টেশনে ট্রেন আটকে টিটিইকে মারধর অতিরিক্ত ভাড়া ও খারাপ আচরণে ক্ষুব্ধ জনতা

চুয়াডাঙ্গা প্রতিনিধি

অতিরিক্ত ভাড়া আদায় ও যাত্রীর সঙ্গে খারাপ আচরণের অভিযোগে চুয়াডাঙ্গার জীবননগরের উথলী রেলস্টেশনে নকশিকাঁথা এক্সপ্রেস ট্রেন আটকে রেখেছে ক্ষুব্ধ জনতা। মঙ্গলবার (৮ জুলাই) রাত ৯টার দিকে এ ঘটনা ঘটে। উত্তেজিত জনতা এক ট্রেনের টিকিট পরিদর্শককে (টিটিই) মারধরও করে। প্রায় ৫৫ মিনিট পর পরিস্থিতি শান্ত হলে ট্রেনটি খুলনার উদ্দেশে ছেড়ে যায়।
স্থানীয় সূত্র ও রেল কর্তৃপক্ষ জানায়, জীবননগর উপজেলার সেনেরহুদা গ্রামের এক যাত্রীর কাছ থেকে অতিরিক্ত ভাড়া নেওয়া এবং টিটিইর খারাপ ব্যবহারের অভিযোগ ওঠে। পরে ওই যাত্রীর গ্রামের প্রায় ২০০ জন উথলী স্টেশনে জড়ো হয়ে ট্রেনটি আটকে দেন এবং অভিযুক্ত টিটিইকে খুঁজতে থাকেন। উথলী রেলস্টেশনের স্টেশন মাস্টার মিন্টু কুমার রায় জানান, ঘটনার সময় অভিযুক্ত টিটিই মালবাহী একটি বগিতে দরজা বন্ধ করে আশ্রয় নেন। উত্তেজিত জনতা তাকে না পেয়ে অন্য এক টিটিইকে চড়-থাপ্পড় মারে। জনতা আরও উত্তেজিত হলে স্টেশন মাস্টার ও জীবননগর থানা পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এ বিষয়ে দর্শনা রেলওয়ে পুলিশ ফাঁড়ির এসআই রফিক হোসেন বলেন, "আমি ঘটনা শুনেছি, কিন্তু প্রচণ্ড বৃষ্টির কারণে তাৎক্ষণিকভাবে পৌঁছাতে পারিনি।" জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মামুন হোসেন বলেন, "অভিযোগের ভিত্তিতে স্থানীয়রা

২-এর পৃষ্ঠা দেখুন




## চুয়াডাঙ্গায় ৯ কেজি ভারতীয় দানাদার রুপা জব্দ

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের (৬ বিজিবি) মুন্সিপুর বিওপির চোরাচালানবিরোধী বিশেষ অভিযানে ৯ কেজি ভারতীয় দানাদার রুপা জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। রুপার বাজারমূল্য আনুমানিক ২৩ লাখ ৬৯ হাজার টাকা। বিজিবির পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, গোপন সংবাদের ভিত্তিতে ৯ জুলাই দুপুর ২টায় বিজিবির একটি সশস্ত্র আভিযানিক দল কার্পাসডাঙ্গা মুচির বটতলা এলাকায় অবস্থান নেয়। অভিযান পরিচালনায় সার্বিক দিকনির্দেশনা দেন ব্যাটালিয়ন অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোঃ নাজমুল হাসান

২-এর পৃষ্ঠা দেখুন



## এনসিপিকে শুভেচ্ছা জানাতে সড়কে শিক্ষার্থীরা, সার্জিসের ক্ষোভ

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া বাজারে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ঘোষিত 'দেশ গড়তে জুলাই পদযাত্রা' কর্মসূচির সূচনা অনুষ্ঠানে দেখা গেল এক ব্যতিক্রমী দৃশ্য। কেন্দ্রীয় নেতাদের শুভেচ্ছা জানাতে আশপাশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ইউনিফর্ম পরা শিক্ষার্থীরা সারিবদ্ধভাবে দাঁড়িয়ে পড়ে সড়কের ধারে। নেতাদের গাড়িবহর পৌঁছাতেই করমর্দনের জন্য এগিয়ে আসে শিক্ষার্থীরা। এমন অবস্থায় কেন্দ্রীয় মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সার্জিস

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

**(খবর : ২ লাখ ৬০ হাজার টাকা আত্মসাৎ।)**

কিছুই জানেনা রশিদ মিয়া
সভাপতি সেজেছে
প্রকল্পের যত টাকা পয়সা
কর্মকর্তা পুরাপুরি
মেরেছে।
কর্মকর্তা কর্ম থেকে
অসৎ পথে নেমেছে
প্রকল্পের দোহাই দিয়ে
লক্ষ লক্ষ টাকা কামাচ্ছে।
বড় কর্তা জেনে গেছে
অপকর্মের কথা।
আইন করে ব্যবস্থা নিলে
তোর চাকরি থাকবে না
বাচা।



## সীমান্তে বিএসএফের গুলিতে নিহত কৃষকের মরদেহ ৭ দিন পর হস্তান্তর

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে নিহত বাংলাদেশি যুবক ইব্রাহিম বাবুর (২৮) মরদেহ ছয় দিন পর বাংলাদেশে হস্তান্তর করেছে ভারতীয় কর্তৃপক্ষ। মঙ্গলবার (৯ জুলাই) রাত পৌনে ৯টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা-জয়নগর চেকপোস্টে বিজিবি ও বিএসএফের পতাকা বৈঠকের মাধ্যমে লাশ

২-এর পৃষ্ঠা দেখুন



## ভারতকে ভয়ের কোন কারণ নেই, সম্পর্ক হবে সমতার ভিত্তিতে: নাহিদ ইসলাম

চুয়াডাঙ্গা প্রতিনিধি

"ভারতকে ভয় পাওয়ার কোনও কারণ নেই। বাংলাদেশ-ভারত সম্পর্ক হতে হবে পরস্পরের সম্মান ও সমতার ভিত্তিতে"চুয়াডাঙ্গায় জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আয়োজিত 'জুলাই পদযাত্রা' কর্মসূচির পথসভায় এমন মন্তব্য করেছেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম।

২-এর পৃষ্ঠা দেখুন

## ৫ মাসে ৩ বার ভারতে যুদ্ধবিমান বিধ্বস্ত প্রাণ গেল ২ পাইলটের

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থায় আবারও শোকের ছায়া নেমে এসেছে। মাত্র পাঁচ মাসের ব্যবধানে তৃতীয়বারের মতো জাগুয়ার যুদ্ধবিমান বিধ্বস্ত হলো। এবার রাজস্থানের সুরতগড় এলাকায় নিয়মিত প্রশিক্ষণ চলাকালীন ভারতীয় বিমানবাহিনীর একটি দুই সিটবিশিষ্ট জাগুয়ার বিমান বিধ্বস্ত হয়ে দুই পাইলটের মর্মান্তিক মৃত্যু ঘটেছে।
গতকাল বুধবার সকাল সাড়ে ১০টার দিকে সুরতগড় বিমানঘাঁটি থেকে নিয়মিত

২-এর পৃষ্ঠা দেখুন



## গণ-অভ্যুত্থানের শহীদদের স্মরণে ইবি ছাত্রদলের বৃক্ষরোপণ কর্মসূচি

কুস্টিয়া প্রতিনিধি

'গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি'ড়এই মানবিক ও পরিবেশবান্ধব শ্লোগানকে সামনে রেখে জুলাই মাসের গণ-অভ্যুত্থানের শহীদদের স্মরণে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) শাখা ছাত্রদল।

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ২৬ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ১০ জুলাই ২০২৫ইং



## লেবুর খোসার অমূল্য উপকারিতা

সূর্যোদয় প্রতিবেদন

লেবু আমাদের রান্নাঘরের অপরিহার্য উপাদান। স্বাদের সঙ্গে স্বাস্থ্যেরও এক অনবদ্য সংযোজন এটি। তবে আমরা প্রায়ই ভুলে যাই লেবুর খোসার ভীতরে লুকানো অসাধারণ গুণাবলী। শুধু লেবুর রস বা গুঁড়া নয়, এর খোসাও শরীর ও ত্বকের জন্য অমূল্য সম্পদ। লেবুর খোসায় রয়েছে প্রচুর পরিমাণে ভিটামিন সি ও ভিটামিন এ, যা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় এবং সংক্রমণ থেকে রক্ষা করে। তদুপরি, এতে থাকা ফ্ল্যাভোনয়েড ও ডি-লিমোনিনের মতো অ্যান্টি-অক্সিডেন্ট শরীরের বার্ধক্য প্রক্রিয়া ধীর করে এবং ফ্রি র?্যাডিক্যালের ক্ষতিকর প্রভাব কমায়। মুখ ও দাঁতের স্বাস্থ্য রক্ষাতেও লেবুর খোসা অতি কার্যকর। এটি মাড়ির সংক্রমণ ও দুর্গন্ধ কমায়, দাঁতের ক্ষয় রোধে সহায়ক ভূমিকা রাখে। হজমশক্তি বাড়াতে এবং কোষ্ঠকাঠিন্য কমাতে এতে থাকা পেকটিন নামক ফাইবার অত্যন্ত উপকারী। হৃদরোগের ঝুঁকি কমাতে, রক্তচাপ নিয়ন্ত্রণে ও কোলেস্টেরল কমাতে লেবুর খোসার পটাশিয়াম ও ফ্ল্যাভোনয়েড সাহায্য করে। ত্বককে করে উজ্জ্বল ও তরুণ রাখার কাজেও এটি বিশেষ ভূমিকা রাখে। পলিফেনল যুক্ত হওয়ায় ওজন নিয়ন্ত্রণেও সহায়ক। আরো একটি বড় গুণ হলো, এটি শরীর থেকে বিষাক্ত পদার্থ বের করে লিভারের স্বাস্থ্যের উন্নতি ঘটায়। সংক্রমণ রোধে এর অ্যান্টি-মাইক্রোবিয়াল গুণ অত্যন্ত কার্যকর। এছাড়াও কিছু গবেষণায় জানা গেছে, লেবুর খোসায় থাকা ডি-লিমোনিন ক্যান্সারের ঝুঁকি কমাতে সাহায্য করতে পারে। তাই পরবর্তীবার

৩-এর পৃষ্ঠা দেখুন

# বাবার সঙ্গে ফোনে কথা বললেন তারেক রহমান, গবেষণায় সহায়তার আশ্বাস



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির খুদে বিজ্ঞানী আল কাসাবের মেধা ও প্রতিভা নিয়ে সম্প্রতি বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক আলোচনা হয়েছে। তার উদ্ভাবিত মহাকাশযান, রোভার এবং সামরিক প্রযুক্তি নির্ভর যন্ত্রগুলো দেশের বিজ্ঞানপ্রেমী ও সাধারণ মানুষকে বিস্মিত করেছে। এই সংবাদ ছড়িয়ে পড়ার পর লন্ডন প্রবাসী বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান সরাসরি আল কাসাবের পিতাকে ফোন করে তার গবেষণায় প্রয়োজনীয় সহায়তার আশ্বাস দেন। তারেক রহমান ফোনে আল কাসাবের বাবা মোসাদ্দেক হোসেনের সঙ্গে দীর্ঘ আলোচনা করেন এবং বলেন, "দেশের এমন প্রতিভাবান সন্তানদের বিকাশে আমরা সব ধরনের সহযোগিতা করব। তারেক রহমানের এই উদ্যোগ আল কাসাবের জন্য বড় অনুপ্রেরণা হিসেবে কাজ করবে।" আল কাসাব নিজের গবেষণায় কোনো প্রাতিষ্ঠানিক সাহায্য ছাড়াই তৈরী করেছে

৩-এর পৃষ্ঠা দেখুন

## পাঁচ বিষয় নিয়ে বৃহস্পতিবার বৈঠকে বসবে ইসি

নিজস্ব প্রতিবেদক

গণপ্রতিনিধিত্ব আদেশ-১৯৭২-সহ গুরুত্বপূর্ণ সুস্পষ্ট ৫টি বিষয় নিয়ে বৃহস্পতিবার (১০ জুলাই) বৈঠকে বসতে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)।

বুধবার (৯ জুলাই) নির্বাচন কমিশনের জনসংযোগ পরিচালক মো. শরিফুল আলম এই তথ্য জানিয়েছেন।

মো. শরিফুল আলম জানান, নির্বাচন ভবনের সভাকক্ষে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিনের সভাপতিত্বে বৈঠকটি বেলা ১১টায় অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচিঃ

১। গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ (সংশোধন) অধ্যাদেশ ২০২৫। ২। নির্বাচন কমিশন সচিবালয় (সংশোধন) অধ্যাদেশ

৩-এর পৃষ্ঠা দেখুন

## ৫ আগস্ট যাত্রাবাড়ীতে পুলিশি হত্যাকাণ্ডের ভয়াবহ চিত্র বিবিসির অনুসন্ধানে উঠে এলো ৫২ জন নিহতের প্রমাণ

সূর্যোদয় প্রতিবেদন

গত বছরের ৫ আগস্ট রাজধানীর যাত্রাবাড়ীতে পুলিশের নির্বিচার গুলিতে অন্তত ৫২ জন সাধারণ মানুষ নিহত হয়েছেন বলে বিবিসি আইয়ের এক অনুসন্ধানে প্রকাশ পেয়েছে। ঘটনাটিকে বাংলাদেশের ইতিহাসে অন্যতম ভয়াবহ পুলিশি সহিংসতা হিসেবে উল্লেখ করছে আন্তর্জাতিক এই সংবাদমাধ্যম।



এই ভয়াবহ হত্যাকাণ্ড ঘটেছিল গত বছর ছাত্র ও তরুণদের নেতৃত্বে সরকারবিরোধী টানা ৩৬ দিনের আন্দোলনের শেষ দিনেড়যেদিন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে ভারতে পালিয়ে যান। আন্দোলনকারী ও প্রত্যক্ষদর্শীদের মতে, যাত্রাবাড়ী থানার সামনের এলাকায় তখন শান্তিপূর্ণ বিক্ষোভ চলছিল। যাত্রাবাড়ী থানার মূল ফটকে অবস্হানরত আন্দোলনকারীদের দিকে পুলিশ আকস্মিকভাবে গুলিবর্ষণ শুরু করে। অনুসন্ধানে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রমাণ হিসেবে বিবিসি পেয়েছে একটি মোবাইল ভিডিও, যেটি ধারণ করেন একজন আন্দোলনকারী নাম মিরাজ হোসেন। সে সময় মিরাজ হোসেন পুলিশের গুলিতে নিহত হোন। তার

৩-এর পৃষ্ঠা দেখুন

## জুলাইয়ের ৯ দিনে ৩২৯৮ ডেঙ্গু রোগী, মৃত্যু ১০

নিজস্ব প্রতিবেদক

গত ২৪ ঘণ্টায় দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ৪০৬ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এর মধ্যে ৯৮ জন বরিশাল বিভাগ এবং ৭৮ জন চট্টগ্রাম বিভাগের, সিটি করপোরেশন এলাকার বাইরে। আর এই সময়ের মধ্যে মারা গেছেন একজন। এ নিয়ে চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে মৃত্যু হয়েছে ৫২ জনের এবং হাসপাতালে ভর্তি হয়েছেন ১৩ হাজার ৫৯৪ জন। বুধবার (৯ জুলাই) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের দেওয়া তথ্য থেকে এসব জানা যায়। স্বাস্থ্য অধিদফতর জানায়, জুলাইয়ে এখন পর্যন্ত ৩ হাজার ২৯৮ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন এবং

৩-এর পৃষ্ঠা দেখুন



## দেশকে দ্রুত নির্বাচনের ট্র্যাকে ফিরিয়ে আনাই মঙ্গল - মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

যত দ্রুত দেশকে নির্বাচনের ট্র্যাকে ফিরিয়ে আনা যাবে, ততই মঙ্গল। কারণ এটাই দেশের রাজনৈতিক সংকটের একমাত্র সমাধান বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় নিউরো সায়েন্স ইনস্টিটিউটে চিকিৎসাধীন দলের উপদেষ্টা অধ্যাপক আব্দুল কুদ্দুস ও অধ্যাপক সিরাজ উদ্দিন আহমেদকে দেখতে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

৩-এর পৃষ্ঠা দেখুন

## দুদকের সেই শরীফকে চাকরিতে পুনর্বহালের নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

২০২২ সালে কোনো কারণ দর্শানো নোটিশ না দিয়েই বরখাস্ত করা দুর্নীতি দমন কমিশনের (দুদক) উপসহকারী পরিচালক শরীফ উদ্দিনকে চাকরিতে পুনর্বহালের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

বুধবার বিচারপতি মো. রেজাউল হাসান ও বিচারপতি বিশ্বজিত দেবনাথের হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন।

রায় পাওয়ার ৩০ দিনের মধ্যে জ্যেষ্ঠতা, সকল বেনিফিটসহ চাকরিতে পুর্নবহালের নির্দেশ দেওয়া হয়েছে।

এছাড়া তার চাকরিচ্যুতির আদেশকে প্রথম থেকে বাতিল ঘোষণা করেছেন বলে জানিছেন তার আইনজীবী সালাহ উদ্দিন দোলন উল্লেখ্য-২০২২ সালের

৩-এর পৃষ্ঠা দেখুন

## জামায়াতের এবারের চীন সফর 'গুরুত্বপূর্ণ': গোলাম পরওয়ার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল চীন সফরে যাচ্ছে। দলটির নেতৃত্বে রয়েছেন জামায়াত আমির ডাঃ শফিকুর রহমান। সফরটি চীনা সরকারের আমন্ত্রণে অনুষ্ঠিত হচ্ছে বলে নিশ্চিত করেছেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।



বুধবার এক প্রতিক্রিয়ায় তিনি বলেন, "এই সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ। সফরে চীনের বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থার সঙ্গে আলোচনা হবে, যা জামায়াত এবং বাংলাদেশের জন্য তাৎপর্যপূর্ণ। চীনের সঙ্গে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষে চীন সরকার জামায়াতকে এই সফরের আমন্ত্রণ জানিয়েছে। এটি জামায়াত ইসলামীর দ্বিতীয় চীন সফর।" এর আগে মঙ্গলবার সন্ধ্যায় ঢাকায় চীনা দূতাবাস জামায়াতের প্রতিনিধি দলের জন্য এক সংবর্ধনার আয়োজন করে। এতে প্রতিনিধি দলের নয়জন সদস্য উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য দেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এবং জামায়াতের আমির ডাঃ শফিকুর রহমান। এছাড়া গত বছরের

৩-এর পৃষ্ঠা দেখুন



## গুম কমিশনের কাছে নিখোঁজ ২০০ জনের তালিকা দিলো ইউভিইডি

সূর্যোদয় প্রতিবেদন

জোরপূর্বক গুম প্রতিরোধ ও প্রতিকারের লক্ষ্যে গঠিত 'গুমসংক্রান্ত তদন্ত কমিশন'-এর সঙ্গে বৈঠক করেছে নাগরিক সংগঠন 'ইউনাইটেড ফর দি ভিকটিমস অব এনফোর্সড ডিসঅ্যাপিয়ারেন্সেস' (ইউভিইডি)। এই বৈঠকে নিখোঁজ ২০০ জনের তালিকা কমিশনের কাছে হস্তান্তর করেছে সংগঠনটি। এসব ব্যক্তি দীর্ঘদিন ধরে গুমের শিকার এবং এখনো ফিরে আসেননি। রাজধানীর গুলশানে অবস্থিত তদন্ত কমিশনের কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। ইউভিইডির চার সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন সংগঠনের মুখ্য আহ্বায়ক, সাবেক রাষ্ট্রদূত ও অবসরপ্রাপ্ত সরকারি সচিব মারুফ জামান। স্মরণযোগ্য যে,

৩-এর পৃষ্ঠা দেখুন

## মৌসুমি বৃষ্টিতে টালমাটাল বাংলাদেশ ফের ভয়াবহ বন্যার পূর্বাভাস

সূর্যোদয় প্রতিবেদন

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপ এবং সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে গত দুই দিন ধরে দেশের প্রায় সব জেলাজুড়ে টানা ভারী বর্ষণ হচ্ছে। ফলে ফেনী, খাগড়াছড়ি ও শরীয়তপুরসহ বিভিন্ন অঞ্চলে সৃষ্টি হয়েছে ভয়াবহ জলাবদ্ধতা, নদীভাঙন ও পাহাড় ধসের শঙ্কা।



ফেনীতে রেকর্ড পরিমাণ বৃষ্টিপাতে মুহুরী, কহুয়া ও সিলোনিয়া নদীর পানি বিপজ্জনক হারে বৃদ্ধি পেয়েছে। গত ৮ জুলাই জেলার ৪৪০ মিলিমিটার এবং ৯ জুলাই ৩৯৯ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করেছে আবহাওয়া অফিস। এদিকে পরশুরামের বল্লামুখা বাঁধ ভেঙে ফুলগাজী উপজেলার অন্তত ১৫টি গ্রাম প্লাবিত হয়েছে। বাঁধ ভাঙার কারণে ব্যাপক ক্ষতির মুখে পড়েছেন স্থানীয় বাসিন্দারা। ফুলগাজী উপজেলার এক বাসিন্দা বলেন, "অনেক তাড়াতাড়ি পানি উপরের দিকে

৩-এর পৃষ্ঠা দেখুন

## অতিরিক্ত ডিআইজি-পুলিশ সুপারসহ ১৬ কর্মকর্তাকে বদলি

জ্যেষ্ঠ প্রতিবেদক

বাংলাদেশ পুলিশের ঊর্ধ্বতন ১৬ কর্মকর্তাকে বদলি করা হয়েছে। এদের মধ্যে পাঁচজন অতিরিক্ত ডিআইজি, ১০ জন পুলিশ সুপার ও একজন অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তা রয়েছেন।

বুধবার (৯ জুলাই) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জপননিরাপত্তা বিভাগের উপসচিব মো. মাহবুবুর রহমান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, অতিরিক্ত

৩-এর পৃষ্ঠা দেখুন

## শেখ হাসিনার উপযুক্ত বিচার অবশ্যই হবে বাংলাদেশে আইন উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

ফ্যাসিস্ট আওয়ামী লীগের

৩-এর পৃষ্ঠা দেখুন




## অনুমতি ছাড়া ডাউনলোড হবে না হোয়াটসঅ্যাপের ছবি-ফাইল

সূর্যোদয় প্রতিবেদন

জনপ্রিয় মেসেজিং অ্যাপ হোয়াটসঅ্যাপ। যা সারাবিশে্ব ব্যাপকভাবে ব্যবহৃত হয়। ব্যবহারকারীদের জন্য হোয়াটসঅ্যাপ বিভিন্ন ফিচার যুক্ত করে নিয়মিত। যা ব্যবহারকারীদের হোয়াটসঅ্যাপ ব্যবহারের অভিজ্ঞতা আরও ভালো করে।



শুধু ব্যক্তিগত কাজ নয়, অফিসসহ যাবতীয় কাজেই ব্যবহৃত হয় হোয়াটসঅ্যাপ। স্বাভাবিকভাবেই বহু প্রয়োজনীয় নথি আদান-প্রদান হয় এই অ্যাপে। তবে আবার অযথাই বহু ছবি-ভিডিও আসে। যা না চাইতেও ডাউনলোড করে ফেললেই নষ্ট নয় ডাটা ও ফোনের স্টোরেজ। এখন মেটা নতুন একটি ফিচার যুক্ত করেছে। এখন আপনি না চাইলে কোনো কিছুই ডাউনলোড হবে না। আপনি ক্লিক করলে তবেই ডাউনলোড হবে। কিন্তু একইসঙ্গে সেভ হয়ে যায় গ্যালারিতে। ফলে না চাইলেও ডাটা ও স্পেস, দুটোই নষ্ট হয়। এই সব কথা মাথায় রেখেই নতুন ফিচার আনছে সংস্থা।

এবার থেকে হোয়াটসঅ্যাপে পাঠানো ছবি-ভিডিও প্রাপকের গ্যালারিতে সেভ হবে কি না, তা ঠিক করতে পারবেন প্রেরক। এতে একে যেমন ডাটা

৩-এর পৃষ্ঠা দেখুন



## জোড়াতালির মিডল অর্ডারে ডুবছে বাংলাদেশ, দায় চাপছে 'তরুণত্বের' ওপর

সূর্যোদয় প্রতিবেদন

শ্রীলঙ্কার বিপক্ষে সদ্যসমাপ্ত তিন ম্যাচের ওয়ানডে সিরিজে ২-১ ব্যবধানে হেরে গেছে বাংলাদেশ। সিরিজ শেষে অধিনায়ক মেহেদী হাসান মিরাজ হারের ব্যাখ্যায় বলেছেন, "আমাদের দল তরুণ, সময় দিতে হবে।" তবে মাঠের পারফরম্যান্স ও স্কোয়াড বিশ্লেষণ বলছে ভিন্ন কথা।

বাংলাদেশের ঘোষিত স্কোয়াডে দুজন নতুন মুখ ছিলেন পারভেজ হোসেন ইমন ও তানভীর ইসলাম। দ্বিতীয় ওয়ানডেতে জয় এসেছে মূলত এই দুই নবাগত ক্রিকেটারের পারফরম্যান্সেই। তাদের বাদ

৩-এর পৃষ্ঠা দেখুন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## লেবুর খোসার অমূল্য উপকারিতা

লেবু ব্যবহার করার সময়, এর খোসা ফেলার আগে একবার ভেবে দেখুন। লেবুর খোসা থেকে আপনি শুধু স্বাদই পাবেন না, সুস্থতার এক ধন সম্পদ পাবেন। খাদ্যে যুক্ত করুন, চা বানান কিংবা ত্বকে যত্নে ব্যবহার করুন সকল ক্ষেত্রেই এটি আপনার শরীরের জন্য দান করবে। আজ থেকে লেবুর খোসার গুরুত্ব দিন, আর স্বাস্থ্যের পথে নতুন এক অধ্যায় শুরু করুন।

## বাবার সঙ্গে ফোনে কথা বললেন

'কিউরিসিক ওয়ান' নামের একটি ক্যামেরা, যা নাইট ভিশন প্রযুক্তি ব্যবহার করে ১৮০ ডিগ্রি কোণে চাঁদের ছবি ধারণ করে পৃথিবীতে তথ্য প্রেরণ করতে সক্ষম। এছাড়া তার তৈরি রোভার চাঁদের মাটিতে অবতরণ করে রেডিও তরঙ্গের মাধ্যমে ডেটা পাঠায়। সর্বোপরি, তার উদ্ভাবিত প্রযুক্তি শত্রুপক্ষের হেলিকপ্টার ও যুদ্ধবিমান শনাক্ত করতে পারে এবং তাৎক্ষণিক প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে সক্ষম। মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও কেন্দ্রীয় সদস্য মাসুদ অরুন জানান, "তারেক রহমান স্যারের নির্দেশে আমরা সাহেবনগর বিদ্যালয়ে গিয়ে খুদে বিজ্ঞানীর খোঁজ নিয়েছি এবং দলের পক্ষ থেকে তাকে সহযোগিতা দেয়া হবে।" সাহেবনগর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রশিদ বলেন, "আল কাসাব আমাদের গর্ব। তার প্রতিভা ও পরিশ্রম দেখে আমরা আশ্চর্য হয়ে যাই। আমরা সর্বাত্মক সহযোগিতার মাধ্যমে তাকে আরও এগিয়ে নিয়ে যাব।" আল কাসাবের বাবা মোসাদ্দেক হোসেন জানান, "তারেক রহমান স্যারের ফোন পেয়ে আমি গর্বিত ও আবেগাপ্লুত। আমার ছেলে তার স্বপ্ন বাস্তবায়নে আরও উৎসাহ পাচ্ছে।" বর্তমানে আল কাসাব শুধু মেহেরপুর নয়, দেশের অন্যান্য অঞ্চলেও পরিচিতি লাভ করছে। বিভিন্ন স্কুল-কলেজ থেকে শিক্ষক ও শিক্ষার্থীরা তার উদ্ভাবনী যন্ত্রাবলী দেখতে আসছেন এবং তাকে উৎসাহিত করছেন।

## পাঁচ বিষয় নিয়ে বৃহস্পতিবার বৈঠকে

২০২৫। ৩। নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর (সংশোধন) অধ্যাদেশ ২০২৫। ৪। মনোনয়নপত্রের সঙ্গে প্রার্থী কর্তৃক প্রদত্ত হলফনামা। ৫। নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ।

## দুদকের সেই শরীফকে চাকরিতে

১৬ ফেব্রুয়ারি শরীফ উদ্দিনকে বরখাস্ত করে দুর্নীতি দমন কমিশন। দুদক (কর্মচারী) চাকরি বিধিমালার ৫৪ (২) বিধিতে বলা আছে, কমিশন কোনো কর্মচারীকে ৯০ দিনের নোটিশ প্রদান করে অথবা ৯০ দিনের বেতন পরিশোধ করে চাকরি থেকে অপসারণ করতে পারবে।
কিন্তু, আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে বরখাস্তের বৈধতা চ্যালেঞ্জ করে একই বছরের ১৩ মার্চ শরীফ উদ্দিন হাইকোর্টে একটি রিট আবেদন করেন।

## অনুমতি ছাড়া ডাউনলোড হবে না

বাঁচবে, তেমন ছবি-ভিডিওর অপব্যবহার কমবে। ছবি বা ভিডিও গ্যালারিতে সেভ হবে কি না, সেই নিয়ন্ত্রণ থাকবে প্রেরকের হাতে। তিনিই ঠিক করবেন, যা পাঠাচ্ছেন প্রাপক তা আদৌ সেভ করতে পারবেন কি না। জানা যাচ্ছে, শুধু ছবি-ভিডিও নয়, পরবর্তীতে টেক্সটের ক্ষেত্রেও চালু হবে এই ফিচার। শিগগির হয়তো সব ব্যবহারকারী এই ফিচার ব্যবহারের সুযোগ পাবেন।

## মির্জা ফখরুল

গতকাল বুধবার সকাল সাড়ে ১১টার দিকে বিএনপি মহাসচিব হাসপাতালে পৌঁছান। প্রথমে তিনি অধ্যাপক কুদ্দুসের শয্যার পাশে চিকিৎসকদের সঙ্গে কথা বলেন ও তার চিকিৎসা-প্রক্রিয়া সম্পর্কে খোঁজ নেন। এরপর অধ্যাপক সিরাজ উদ্দিনের কেবিনেও যান এবং তার অবস্থার খোঁজখবর নেন। এ সময় সাংবাদিকরা যখন রাজনৈতিক পরিস্থিতি ও বিএনপির অবস্থান নিয়ে প্রশ্ন করেন, তখনই তিনি দেশকে নির্বাচনের মাধ্যমে একমাত্র 'মঙ্গলজনক' পথ হিসেবে উল্লেখ করেন। মির্জা ফখরুল বলেন, "গণতন্ত্রের সবচেয়ে বড় শক্তি যদি কেউ হয়ে থাকে, সেটা বিএনপি। একদলীয় শাসনব্যবস্থা থেকে আমরা বহুদলীয় গণতন্ত্র এনেছি। পরে এনেছি সংসদীয় গণতন্ত্র। এই ভূমিকা কেউ অস্বীকার করতে পারবে না।" তিনি আরো বলেন,"দেশটাকে বাঁচাতে হলে দল-মত নির্বিশেষে সবারই দায়িত্ব নিতে হবে। এখন সবচেয়ে জরুরি হচ্ছে রাজনৈতিক স্থিতিশীলতা ফিরিয়ে আনা, আর সেটি সম্ভব একটি অবাধ, গ্রহণযোগ্য নির্বাচনের মধ্য দিয়ে। অনেকে মনে করেন, শুধু সংস্কার দরকার, নির্বাচন এখন জরুরি নয় এই চিন্তাধারা ভুল। নির্বাচন ছাড়া সংস্কার বৃথা। আবার সংস্কার ছাড়া বিশ্বাসযোগ্য নির্বাচনও অসম্ভব। তাই দুইটা একসঙ্গে চলতে হবে।" তিনি আরও বলেন,"আমরাই প্রথম সংস্কারের দাবি তুলেছি। আমরাই বলেছি নির্বাচনকালীন নিরপেক্ষ সরকার, নির্বাচন কমিশনের সংস্কার, প্রশাসনের নিরপেক্ষতা নিশ্চিত করতে হবে। এখন যারা সেই সংস্কারের কথা বলছেন, তারা আমাদের কণ্ঠই পুনরাবৃত্তি করছেন।" সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মির্জা ফখরুল আওয়ামী সরকারকে 'ফ্যাসিস্ট' উল্লেখ করে বলেন, "আওয়ামী লীগ সরকারের আমলে সবচেয়ে বেশি নির্যাতনের শিকার হয়েছে বিএনপি। আমি নিজেই ১১২টি মামলার আসামি এবং ১৩ বার জেল খেটেছি। আমাদের নেতাকর্মীদের গুম, খুন, বিচারবহির্ভূত হত্যা সবচেয়ে বেশি হয়েছে এই সময়। যারা আওয়ামী লীগের হয়ে এই দমন-পীড়নে অংশ নিয়েছে, তাদের প্রত্যেককে আইনের আওতায় আনা উচিত। বিশেষ করে শেখ হাসিনা তিনি এককভাবে হাজার হাজার মানুষের মৃত্যুর জন্য দায়ী। আন্তর্জাতিক অঙ্গনে তার বিচারের দাবি উঠেছে। আমরা আশাবাদী, একদিন না একদিন তিনি এবং তাঁর সহযোগীদের বিচার হবেই।"

## গোলাম পরওয়ার

সেপ্টেম্বরে জামায়াতে ইসলামী, ইসলামী ছাত্রশিবিরসহ ৪টি ইসলামী দলের ১৪ সদস্যের একটি প্রতিনিধিদল চীন সফর করেছিল। ওই সফরের নেতৃত্বে ছিলেন জামায়াতের কেন্দ্রীয় নায়েবে আমির ও সাবেক সংসদ সদস্য সৈয়দ আবদুল্লাহ মোঃ তাহের। চলতি বছর বিএনপির পক্ষ থেকেও একাধিক প্রতিনিধি দল চীন সফর করেছে। গত মাসেই বিএনপির একটি বৃহৎ প্রতিনিধি দল বেইজিং সফর করে। বছরের শুরুতেও বিএনপির আরও দুটি প্রতিনিধি দল চীনে যায়। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, চলমান বৈশ্বিক ভূরাজনৈতিক প্রেক্ষাপটে চীনের সঙ্গে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর এমন যোগাযোগ আগামীর রাজনৈতিক সমীকরণে নতুন মাত্রা যোগ করতে পারে।

## জোড়াতালির মিডল অর্ডারে ডুবছে

দিলে সিরিজে হোয়াইটওয়াশের শঙ্কা ছিল প্রবল।
তবুও 'তরুণ' তকমা দিয়ে দায় চাপানোর প্রবণতা চোখে পড়ে। বাস্তবে দেখা যাচ্ছে, দলটির অধিকাংশ খেলোয়াড়ই অভিজ্ঞতাসকিন আহমেদ, মোস্তাফিজ, লিটন দাস, শান্ত, মিরাজ কিংবা হৃদয় সবাই এর আগে আন্তর্জাতিক টুর্নামেন্টে অংশ নিয়েছেন। লিটন দাসের তো আন্তর্জাতিক অভিজ্ঞতা প্রায় এক দশকের। সবচেয়ে বড় সংকট দলের মিডল অর্ডার। এই পজিশনে দীর্ঘদিন ধরে ব্যর্থতার ধারা অব্যাহত রয়েছে। প্রথম ওয়ানডেতে বাংলাদেশ ১২০/২ থেকে ১৪৩ রানে অলআউট হয়ে যায়। আফগানিস্তান সিরিজ, নিউজিল্যান্ড সফর বা ভারত ম্যাচসবখানেই একই ধসের পুনরাবৃত্তি। মিডল অর্ডারের খেলোয়াড় তালিকায় মূলত দেখা গেছে অবস্থানগত জোড়াতালি। সাত ব্যাটারের মধ্যে পাঁচজনই ওপেনার; মিডল অর্ডারের জন্য প্রকৃত ব্যাটার কেবল দুজন তাওহীদ হৃদয় ও জাকের আলী। অথচ এই পজিশনেই খেলানো হয়েছে লিটন, মিরাজ ও শামীম পাটোয়ারীকে। কারও পারফরম্যান্সই প্রত্যাশামতো হয়নি। তাওহীদ হৃদয় ফিফটি করলেও তার স্ট্রাইক রেট ছিল মাত্র ৬৮.২১ যা ম্যাচ পরিস্থিতিতে কার্যকর হয়নি। অপরদিকে শামীম ব্যর্থ হয়েছেন ফিনিশার ভূমিকায়। এমনকি মিডল অর্ডারে যাদের ওপর ভরসা রাখা হচ্ছে, তারা অভিজ্ঞ হলেও মাঠে পারফরম্যান্স সেই পুরোনো দিনের মতো যেখানে নিচের সারির ব্যাটাররা কিছু রান তুলে দলকে মুখরক্ষা করাতেন।বিশ্লেষকদের মতে, শুধুমাত্র 'তরুণ' দলের অজুহাত তুলে পারফরম্যান্সগত দুর্বলতা আড়াল করা বাস্তবসম্মত নয়। বরং মিডল অর্ডারে স্থায়ী ও পরিপক্ব পরিকল্পনার অভাবই বারবার ভোগাচ্ছে বাংলাদেশকে। অধিনায়কের 'সময়ের প্রয়োজন' মন্তব্য আদতে বোঝায় প্রক্রিয়া ঠিক আছে, সময় লাগছে কেবল। কিন্তু যখন মিডল অর্ডার বারবার ভেঙে পড়ে, এবং প্রতিনিয়ত পজিশন নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলে তখন বোঝা যায়, প্রক্রিয়াটিই ভুল পথে চলছে। ক্রিকেট বিশেষজ্ঞদের মতে, মিডল অর্ডারের এই সংকটের স্থায়ী সমাধানে এখনই কার্যকর পদক্ষেপ না নিলে বাংলাদেশের ওয়ানডে ক্রিকেট আরও গভীর সমস্যায় পড়বে।

## আইন উপদেষ্টা

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপযুক্ত বিচার অবশ্যই বাংলাদেশে হবে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল। বুধবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ কথা বলেন আসিফ নজরুল।
ফেসবুক পোস্টে তিনি লেখেন, 'শেখ হাসিনার ফাঁস হওয়া অডিও রেকর্ডিং থেকে জানা গেছে, গত বছরের জুলাইয়ে শিক্ষার্থীদের নেতৃত্বাধীন বিক্ষোভে প্রাণঘাতী শক্তি প্রয়োগের অনুমতি তিনি নিজেই দিয়েছিলেন। বিবিসি আইয়ের যাচাই করা ওই রেকর্ডিং অনুসারে, শেখ হাসিনা তাঁর নিরাপত্তা বাহিনীগুলোকে বিক্ষোভকারীদের বিরুদ্ধে প্রাণঘাতী অস্ত্র ব্যবহার' করার অনুমতি দিয়েছেন এবং বলেছেন 'তাঁরা (এসব বাহিনীর সদস্যরা) যেখানেই তাঁদের (আন্দোলনকারী) পাবেন, গুলি করবেন।
এটি এখন পর্যন্ত সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রমাণ যে তিনি জুলাই গণঅভ্যুত্থানকালে বিক্ষোভকারীদের গুলি করার জন্য সরাসরি অনুমতি দিয়েছিলেন। শেখ হাসিনার উপযুক্ত বিচার অবশ্যই হবে বাংলাদেশে।'

## গুম কমিশনের কাছে নিখোঁজ ২০০

মারুফ জামান নিজেও এক সময় জোরপূর্বক গুমের শিকার হয়েছিলেন এবং দীর্ঘ সময় নিখোঁজ থাকার পর ফিরে আসেন। তাঁর এ অভিজ্ঞতা থেকেই গুম প্রতিরোধে সক্রিয় ভূমিকা পালন করছেন। বৈঠকে ইউভিইডির পক্ষ থেকে যে তালিকা প্রদান করা হয়েছে, সেখানে গুম হওয়া এবং এখনো ফিরে না আসা ২০০ জন ব্যক্তির নাম, সম্ভাব্য নিখোঁজের সময় ও স্থান সংক্রান্ত তথ্য সংযুক্ত ছিল। ইউভিইডি কমিশনের কাছে এসব ব্যক্তির বর্তমান অবস্থান শনাক্তে সহায়তা কামনা করে। এছাড়াও গুম থেকে ফিরে আসা ব্যক্তিদের শারীরিক, মানসিক ও আর্থিক পুনর্বাসনের প্রয়োজনীয়তা, নিখোঁজ ব্যক্তিদের পরিবারের সদস্যদের ক্ষতিপূরণ প্রদানের প্রস্তাব, রাষ্ট্রের দায়িত্ব ও দায়বদ্ধতা স্বীকার করে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর দাবি, গুম প্রতিরোধে একটি স্বাধীন, কার্যকর এবং সময়োপযোগী আইন প্রণয়নের প্রয়োজনীয়তার কথা আলোচনা হয়। গুমসংক্রান্ত তদন্ত কমিশনের সভাপতি বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ইউভিইডির প্রতিনিধিদের বক্তব্য গুরুত্ব সহকারে শোনেন এবং জানান, কমিশন তার আইনি সীমার মধ্যে থেকে এসব অভিযোগ খতিয়ে দেখবে। তিনি বলেন, "আমরা নাগরিকদের নিরাপত্তা ও মানবাধিকার রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। সকল অভিযোগ তদন্ত করে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে। বৈঠকে আরও উপস্থিত ছিলেন কমিশনের সদস্য মানবাধিকারকর্মী মোঃ নুর খান, আইনজীবী মোঃ সাজ্জাদ হোসেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ নাবিলা ইদ্রিস। তারা বলেন, "গুম একটি গুরুতর মানবাধিকার লঙ্ঘন। এর প্রতিকার ও প্রতিরোধ রাষ্ট্রীয় অগ্রাধিকারের অংশ হওয়া উচিত। গত এক দশকে বাংলাদেশে জোরপূর্বক গুমের ঘটনা নিয়ে দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উদ্বেগের সৃষ্টি হয়েছে। মানবাধিকার সংগঠনগুলোর দাবি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একাংশ এসব গুমের সঙ্গে যুক্ত। যদিও সরকার এসব অভিযোগ অস্বীকার করে আসছে।" বৈঠক শেষে উভয় পক্ষই সম্মত হয় যে, জোরপূর্বক গুমের মতো মানবতাবিরোধী অপরাধ বন্ধে নিরপেক্ষ তদন্ত, ক্ষতিপূরণ, পুনর্বাসন এবং আইনি সংস্কার অত্যাবশ্যক।

## মৌসুমি বৃষ্টিতে টালমাটাল বাংলাদেশ

উঠতেছে শুধু। আমরা ত্রাণ চাই না, আমরা স্থায়ী বাঁধ চাই, মুহুরী নদীর খনন চাই।" পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে, জেলার অন্তত ১৭টি পয়েন্টে নদী তীর রক্ষা বাঁধ ক্ষতিগ্রস্ত হয়েছে। ফেনী শহরের শহীদ শহীদুল্লা কায়সার সড়কসহ বিভিন্ন এলাকায় কোমর সমান পানি জমে রয়েছে। শহরের একাডেমি এলাকার হোটেল, রেস্তোরাঁ, দোকানপাটে পানি ঢুকে পড়ায় ব্যবসা-বাণিজ্য কার্যত বন্ধ। শহরজুড়ে জলাবদ্ধতায় বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। ফুলগাজী উপজেলা নির্বাহী কর্মকর্তা ফাহরিয়া ইসলাম জানান, সাতটি স্থানে বাঁধ ভেঙে ১৫টি গ্রাম প্লাবিত হয়েছে। ৩২টি মাধ্যমিক বিদ্যালয় ও ৬৭টি প্রাথমিক বিদ্যালয়ে আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে, যেখানে বুধবার দুপুর পর্যন্ত অন্তত ৪০০ মানুষ আশ্রয় নিয়েছেন। তাদের জন্য খাবার ও পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট সরবরাহ করা হচ্ছে। দুর্ঘটনা এড়াতে বিভিন্ন এলাকায় সাময়িকভাবে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন রাখা হয়েছে। এদিকে পার্বত্য জেলা খাগড়াছড়িতেও বৃষ্টি বেড়েই চলেছে। গত ২৪ ঘণ্টায় সেখানে ১৫০ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। মাইনী নদীর পানি বেড়ে মেরুংয়ের নিচু এলাকা প্লাবিত হয়েছে। মেরুং হেডকোয়ার্টার এলাকায় সড়কে পানি উঠায় খাগড়াছড়ি-লংগদু সড়কে যান চলাচল বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। জেলার অন্তত সাড়ে তিন হাজার পরিবার পাহাড় ধসের ঝুঁকিতে রয়েছে বলে জানিয়েছেন জেলা প্রশাসনের কর্মকর্তারা। পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারী পরিবারগুলোকে সরিয়ে নিতে মাইকিং করছে স্থানীয় প্রশাসন। এদিকে শরীয়তপুরের মাঝিরঘাট এলাকায় পদ্মা নদীর তীব্র ভাঙনে নদী তীর রক্ষা বাঁধের অংশবিশেষ ধসে পড়ে অন্তত ২০টির বেশি ঘরবাড়ি ও দোকানপাট নদীগর্ভে বিলীন হয়েছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ জানিয়েছে, পদ্মা সেতু থেকে প্রায় ৩ কিলোমিটার দূরে ভাঙন দেখা দিলেও এটি সেতুর রক্ষা বাঁধের সঙ্গে সংশ্লিষ্ট নয়। আবহাওয়া অফিস জানিয়েছে, মৌসুমী বায়ু সক্রিয় থাকায় আগামী ২৪ ঘণ্টা বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে। উপকূলীয় এলাকা ও সমুদ্রবন্দরগুলোকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র জানিয়েছে, দেশের প্রায় সব নদনদীর পানি কিছুটা বেড়েছে। তবে এখনো স্থায়ী বন্যার শঙ্কা নেই। তবে উজান থেকে ঢলের পরিমাণ বাড়লে পরিস্থিতির আরও অবনতি হতে পারে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা।

## অতিরিক্ত ডিআইজি-পুলিশ সুপারসহ

ডিআইজিদের মধ্যে পুলিশ সদর দপ্তরের রেবেকা সুলতানাকে সিআইডিতে, রাজশাহীর সারদার ফয়সল মাহমুদকে সিলেট রেঞ্জে, এটিইউয়ের মো. আশরাফুল ইসলামকে পুলিশ সদর দপ্তরে, পুলিশ সদর দপ্তরের ফারুক আহমেদকে এপিবিএন হেডকোয়ার্টারসে এবং এসবির মো. মিজানুর রহমানকে ঢাকার টিডিএসে বদলি করা হয়েছে।
অন্যদিকে পুলিশ সুপারদের মধ্যে হাইওয়ে পুলিশের ড. আ ক ম আকতারুজ্জামান বসুনিয়াকে রংপুর রেঞ্জ ডিআইজি অফিসে, বরিশাল ইনসার্ভিস ট্রেনিং সেন্টারের মো. সাখাওয়াত হোসেনকে রাজারবাগ পুলিশ টেলিকমে, হাইওয়ে পুলিশের মো. খাইরুল ইসলামকে ট্যুরিস্ট পুলিশে, পিবিআইয়ে বদলির আদেশপ্রাপ্ত খন্দকার নুর রেজওয়ানা পারভীনকে পুলিশ সদর দপ্তরে, নোয়াখালী পিটিসির মীর আবু তৌহিদকে সিআইডিতে, ট্যুরিস্ট পুলিশের মো. মিজানুর রহমানকে এপিবিএনে, খুলনার উপপুলিশ কমিশনার আবুল বাশার মোহাম্মদ আতিকুর রহমানকে সিআইডিতে, কুষ্টিয়া ইনসার্ভিস ট্রেনিং সেন্টারের সৈকত শাহীনকে শিল্পাঞ্চল পুলিশে, এটিইউয়ের কাজী মো. আবদুর রহীমকে চট্টগ্রাম রেঞ্জ ডিআইজি কার্যালয়ে, সিআইডির মো. আব্দুল্লাহ আল ইয়াছিনকে বরিশাল ইনসার্ভিস ট্রেনিং সেন্টারে এবং সিলেটের অতিরিক্ত উপপুলিশ কমিশনার মো. আমিনুর রহমানকে এসবিতে বদলি করা হয়েছে।

## জুলাইয়ের ৯ দিনে ৩২৯৮ ডেঙ্গু

১০ জন মারা গেছেন। সারা দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে বর্তমানে ১ হাজার ৩১৭ জন ডেঙ্গু রোগী ভর্তি আছেন। যার মধ্যে ঢাকায় ৩৭৪ জন, বাকি ৯৪৩ জন ঢাকার বাইরে বিভিন্ন বিভাগে। স্বাস্থ্য অধিদফতরের তথ্য বলছে, এই বছরের জানুয়ারিতে ১ হাজার ১৬১ জন, ফেব্রুয়ারিতে ৩৭৪ জন, মার্চে ৩৩৬ জন, এপ্রিলে ৭০১ জন এবং মে মাসে ১ হাজার ৭৭৩ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। এর মধ্যে জানুয়ারিতে ১০ জন, ফেব্রুয়ারিতে ৩ জন, এপ্রিলে ৭ জন এবং মে মাসে ৩ জন মারা গেছেন।

## ৫ আগস্ট যাত্রাবাড়ীতে পুলিশি

বিবিসির অনুসন্ধানে উঠে এলো ৫২ জন নিহতের প্রমাণ
পরিবারের লোকজন মিরাজের মুঠোফোনে পেয়ে বিভৎস সেই ঘটনার ভিডিও দেখতে পান। যা তাঁর পরিবার পরবর্তীতে বিবিসিকে সরবরাহ করে। সেই ভিডিওতে দেখা যায়, যাত্রাবাড়ী থানার মূল ফটকে অবস্থানরত আন্দোলনকারীদের দিকে পুলিশ আকস্মিকভাবে গুলিবর্ষণ শুরু করে, যেখানে সেনাবাহিনীর সদস্যরা কিছুক্ষণ আগেও দাঁড়িয়ে ছিলেন। সেনাসদস্যরা এলাকা ছেড়ে যাওয়া মাত্রই শুরু হয় নির্বিচার গুলিবর্ষণ। বিবিসির বিশ্লেষণে দেখা যায়, গুলি চালানো শুরু হয় বেলা ২টা ৪৩ মিনিটে এবং ৩টা ১৭ মিনিট পর্যন্ত তা চলে। মিরাজ হোসেনের মোবাইলে ধারণকৃত ভিডিওতে তাঁর মৃত্যুর ঠিক আগমুহূর্ত পর্যন্ত ফুটেজ রয়েছে। ঘটনার সময় আশপাশের সিসিটিভি ও ড্রোন ফুটেজ বিশ্লেষণ করে বিবিসি জানায়, বিক্ষোভকারীদের পালাতে দেখা গেছে গলির ভিতর দিয়ে, আর সড়কের ওপরে পড়ে ছিল মৃতদেহ।

## ভয়ের মধ্যে বাঁচা যায় না, এখনও পুরোপুরি স্বাভাবিক হতে পারিনি : কারিনা

বিনোদন ডেস্ক

ভয়াবহ সেই রাতের স্মৃতি এখনও তাড়া করে বেড়ায় কারিনা কাপুরকে। ২০২৫ সালের ১৬ জানুয়ারির ভোরে নিজের বাড়িতেই ছুরিকাঘাতের শিকার হন সাইফ আলি খান।



দুষ্কৃতীরা তাকে পরপর ৬ বার ছুরিকাঘাত করে। ঘাড়, মেরুদণ্ড ও হাতে গুরুতর আঘাত পান অভিনেতা। ২ ঘণ্টা ৩০ মিনিটের দীর্ঘ নিউরোসার্জারি এবং প্লাস্টিক সার্জারির পর প্রাণে বেঁচে যান সাইফ। সেই রাতে ঘটনার সাক্ষী ছিল তাদের ছোট ছেলে জেহ। এখনও সেই ভয়াবহ স্মৃতি ভুলতে পারছেন না কারিনা। সম্প্রতি বারখা দত্তকে দেওয়া এক সাক্ষাৎকারে নিজের মনের কথা ভাগ করে নেন অভিনেত্রী।
কারিনা বলেন, "এখনও পুরোপুরি স্বাভাবিক হতে পারিনি। বিশেষ করে প্রথম দুই-তিন মাস এত ভয় কাজ করত যে ঘুমাতে পারতাম না। মনে হতো কিছু একটা ঘটে যাবে। যদিও সময়ের সঙ্গে সঙ্গে স্মৃতি কিছুটা ম্লান হয়, কিন্তু ভিতরে কোথাও সেই ভয় থেকে যায়। যেন কারও মৃত্যু দেখার মতো অনুভূতি।"
তবে সন্তানদের সামনে সেই ভয় কখনও প্রকাশ করেননি কারিনা। বললেন, "ভয়ের মধ্যে বাঁচা যায় না। সেটা বাচ্চাদের ওপর চাপিয়ে দেওয়া ঠিক নয়। আমি একদিকে মা, অন্যদিকে স্ত্রী।

জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
সিরিয়াল : ০১৩২৮-৯৮৬৯৯৯, পরিচালক: ০১৭৬৫-৬০৬৫৮৫, ০১৭১১-৩৫১১১৪
ডাঃ ফারহানা ফেরদৌসী
নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
স্ত্রী, প্রসূতি ও বন্ধ্যাত্ব রোগ চিকিৎসক সার্জন
রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ৩ টা থেকে বিকাল ৬টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮০৮৬১১
ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিসিন ও গাইনী
মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখেন : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।
ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমইউ আল্ট্রা
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ - দুপুর ১ টা ও বিকাল ৪টা- সন্ধ্যা ৭ টা।

মাইক্রোপ্যাথ ল্যাব
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল: ০১৭২৬-৪০৫৩৩৪, সিরিয়াল: ০১৭৮৮-২২১৩৩৫
ডাঃ সোনিয়া আহমেদ
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকা।
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ - বিকাল ৫:৩০ পর্যন্ত।
ডাঃ শাহারিয়া শায়লা
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
সততা সুপার মার্কেট ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর। সিরিয়াল : ০১৭০৮-১৩১৮১৩
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকিৎসা।
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
রুগী দেখেন: প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসুতি রোগে অভিজ্ঞ
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসুতী রোগের বিশেষ অভিজ্ঞ
রুগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২:৩০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো )
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিসে স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভূরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

মুক্তি ডায়াগনস্টিক সেন্টার
গাংনী মহিলা ডিগ্রী কলেজ রোড, গাংনী, মেহেরপুর।
সিরিয়াল ০১৯১৪-২৬০৭২০, ০১৩২২-৪৭১৪৪৮
ডা: মো: মাহবুবুর রহমান
মেডিসিন, ডায়াবেটিস, এ্যাজমা, উচ্চ রক্তচাপ ও হৃদরোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ৮টা থেকে বিকাল ৫টা পর্যন্ত
ডা: আলাউদ্দিন- আল আজাদ
হাড় জোড়া, বাত ব্যাথা, ঘাড় ব্যাথা, মাজা ব্যাথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত
ডাঃ শিমু সাহিদা শাপলা
গাইনী,প্রসুতি ও স্ত্রী রোগবিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন সকাল ১০ টা থেকে৫ টা পর্যন্ত।
ডা: এস.এম. মঞ্জুরুল আলম
হাড় জোড়া, বাত ব্যাথা, ঘাড় ব্যাথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

মেসার্স রুশি ফার্মেসী
প্রোপাইটার মোঃ রিনু



এখানে সকল প্রকার দেশি-বিদেশি ঔষধ সুলভ মূল্যে বিক্রিকরা হয়।
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল গেট মেহেরপুর
মোবাইল: ০১৭১১-৩১২২৩৫, ইমেইল:rinu000974@gmail.com

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি—
ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা



ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ।
রোগী দেখেনঃ প্রতি সোমবার দুপুর ২.৩০ টাথেকে বিকাল ৫ টা পর্যন্ত
ডাঃ সাজিয়া আফরিন(সিমি)
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন।
রোগী দেখেনঃ প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত ও প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকেরাত ৮ টা পর্যন্ত।
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি.
ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষতও পি আর পিচিকিৎসা দেওয়া হয়
রোগী দেখার সময়ঃ শনি-বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত
ডাঃ আসাদুল্লাহ-আল-গালিব
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথাবিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ
রোগী দেখার সময়ঃ প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭
ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
ডাঃ মোঃ আলী হায়দার
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
ডাঃ মোঃ সেলিম উদ্দীন
ডাঃ মোঃ ফারুক হোসেন
মেডিসিন, চর্ম ও শিশু রোগে অভিজ্ঞ
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গাংনী, মেহেরপুর

নিউ স্কয়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর ঃ ০১৮৫৮-৯৫৬৯৩৩
মেডিসিন, নিউরো, বক্ষব্যাধি, ডায়াবেটিস, গ্যাস্টলিভার, ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত রুগী দেখেন।
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ, বাত ব্যাথা, ডায়াবেটিস, লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিসিডি বারডেম, সিএমইউ (আল্ট্রা)
প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখে।
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক
ডাঃ তাসমেরী নাহার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।
নিঃসন্তান, বন্ধ্যাত্ব, গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের সকল চিকিৎসা প্রদান করেন
ডা: সেজুঁতি মেহেতাজ
এমবিবিএস (রাজশাহী), বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩টা হইতে রাত্রী ৮টা পর্যন্ত রুগী দেখেন।
মেডিসিন, বাতজ্বর, উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
ডাঃ ফরহাদ পারভেজ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বৃহস্পতিবার, ১০ জুলাই ২০২৫ ইং

## গাংনীর সেতু উন্নয়ন না দুর্ভোগের প্রতীক?

উন্নয়ন প্রকল্পের মূল উদ্দেশ্য হলো জনজীবনের মানোন্নয়ন, যাতায়াতের সুবিধা বৃদ্ধি এবং অর্থনৈতিক গতিশীলতা সৃষ্টি। কিন্তু মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়িয়া-মধুগাড়িঘাট সড়কে মাথাভাঙা নদীর ওপর নির্মিত সেতু যেন এই উদ্দেশ্যের সম্পূর্ণ বিপরীত চিত্র তুলে ধরেছে। প্রায় সাড়ে ৭ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই সেতুটি আজ স্থানীয় জনগণের কাছে উন্নয়নের প্রতীক না হয়ে, পরিণত হয়েছে এক দীর্ঘশ্বাসের নিদর্শনে।

সেতুর মূল কাঠামো নির্মাণ শেষ হলেও সংযোগ সড়কের অভাবে এটি ব্যবহার করা যাচ্ছে না। হাজারো মানুষ প্রতিদিন ঝুঁকি নিয়ে অস্থায়ী রাস্তা দিয়ে চলাচল করছেন। বিশেষ করে শিক্ষার্থী, রোগী, কৃষক ও ব্যবসায়ীরা মারাত্মক দুর্ভোগের শিকার হচ্ছেন। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো, স্থানীয়দের ভাষ্য অনুযায়ী সাবেক এমপি সহিদুজ্জামান খোকনের খামখেয়ালিপূর্ণ হস্তক্ষেপে প্রকল্পের নকশা পরিবর্তিত হয়েছে, যা নিরাপত্তা ঝুঁকি আরও বাড়িয়েছে। ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ায় স্থানীয়দের হয়রানি, প্রশাসনের অদক্ষতা এবং রাজনৈতিক প্রভাব পুরো প্রকল্পটিকে দীর্ঘসূত্রতায় ফেলেছে। এই অবস্থায় প্রশ্ন ওঠেএই উন্নয়ন কার জন্য? যদি জনগণের চলাচল সহজ না হয়, ব্যবসা-বাণিজ্য ক্ষতিগ্রস্ত হয়, এবং প্রতিদিন মানুষ জীবন ঝুঁকিতে পড়ে, তবে সেই উন্নয়ন কার্যত ব্যর্থ বলেই গণ্য হবে। সরকারি অর্থের অপচয়, সময়ের অপব্যবহার এবং জনগণের ভোগান্তি যেন আজকের সেতুটিকে ব্যঙ্গ করছে। প্রকল্পের শুরুতে যেভাবে পরিকল্পনা করা হয়েছিল, সেই অনুযায়ী কাজ বাস্তবায়ন না হলে উন্নয়ন বরং জনঅসন্তোষের কারণ হয়ে দাঁড়াবে। আমরা সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, স্থানীয় প্রশাসন এবং রাজনৈতিক নেতৃত্বের কাছে জোর দাবি জানাইঅবিলম্বে ভূমি অধিগ্রহণের জটিলতা দূর করে সংযোগ সড়কের নির্মাণ কাজ শুরু করতে হবে। সাবেক এমপি বা অন্য কোনো ব্যক্তির অবৈজ্ঞানিক ও স্বেচ্ছাচারী হস্তক্ষেপ যেন এই জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্পে ভবিষ্যতে প্রভাব না ফেলে, তা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে প্রকল্পের নকশা ও অনুমোদন প্রক্রিয়ায় আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা আনা দরকার। জনগণ উন্নয়ন চায়, প্রতিশ্রুতি নয়। গাংনীর এই সেতু প্রকল্প যেন সেই চাওয়াকে ব্যর্থতায় পর্যবসিত না করে, বরং একটি সফল উন্নয়ন উদ্যোগ হিসেবে রূপ পায়এই প্রত্যাশা আমাদের।

## মেহেরপুরে বিএনপির সদস্য নবায়ন

“আজকের সদস্য নবায়ন ও সদস্য সংগ্রহ কর্মসূচি কেবল কাগজে-কলমে নাম তোলার আনুষ্ঠানিকতা নয়। এটি হচ্ছে বিএনপির রাজনৈতিক ভিত্তি সুদৃঢ় করার একটি ঐতিহাসিক প্রয়াস। বিএনপি শুধু একটি দল নয়, এটি জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতীক। এই কর্মসূচির মাধ্যমে আমরা তৃণমূল থেকে নেতৃত্ব গড়ে তুলতে চাই, যারা আগামীদিনের সংগ্রামে সম্মুখ সারিতে থাকবে।” তিনি আরও বলেন, “বিএনপিকে আবারও গণমানুষের দলে পরিণত করতে হলে আমাদের সাংগঠনিক ভিত্তি আরও মজবুত করতে হবে। এই কর্মসূচি সে লক্ষ্যে এক কার্যকর পদক্ষেপ।” এ দিকে অন্যান্য বক্তারা বলেন, “এই কার্যক্রমের মাধ্যমে শুধু পুরানো সদস্যদের নবায়ন নয়, নতুন প্রজন্মকেও দলে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা রয়েছে। আমরা চাই তরুণরা রাজনীতিতে আসুক, নেতৃত্ব দিক। বিএনপির ভবিষ্যৎ গঠনে তাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।” অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু, প্রবীণ বিএনপি নেতা ইলিয়াস হোসেন, হাফিজুর রহমান হাফি, আব্দুল আওয়াল, মকবুল হোসেন মেঘলা, রোমানা আহমেদ, ওমর ফারুক লিটন, রেজাউল হক, মফিউর রহমান, আখেরুজ্জামান, আবু সালেহ মোহাম্মদ নাসিম, বাকা বিল্লাহ, সাজিদুর রহমান বিপুল, সাবিয়া সুলতানাসহ বিএনপি ও অঙ্গসংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ। অনুষ্ঠান শেষে নতুন সদস্যদের মাঝে সদস্যপদ ফরম বিতরণ করা হয়। পাশাপাশি জেলা বিএনপির পক্ষ থেকে প্রতিটি উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড ইউনিটে কর্মসূচি দ্রুত বাস্তবায়নের জন্য সাংগঠনিক নির্দেশনা দেওয়া হয়। দায়িত্বপ্রাপ্ত নেতারা তৃণমূলে গিয়ে সদস্য সংগ্রহ ও নবায়নের কাজ পরিচালনা করবেন বলে জানান নেতারা।

## ১৩০ বছর বয়সেও বঞ্চিত আজিমন বেওয়া

ইউনিয়নের চেয়ারম্যান মো. আলম হোসেন বলেন, “১৩০ বছরের একজন নারীর বয়স্ক ভাতা না থাকা অত্যন্ত দুঃখজনক। আমরা দ্রুত ব্যবস্থা নেব এবং তাকে সব ধরনের সরকারি সহযোগিতা প্রদান করব।” এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) আনোয়ার হোসেন বলেন, “আমরা বিষয়টি জানতে পেরেছি। তার বয়স্ক ভাতার কার্ডসহ অন্যান্য সহায়তা দ্রুত নিশ্চিত করা হবে।” প্রশ্ন থেকে যায়: রাষ্ট্রীয় সহায়তা যদি ১৩০ বছর বয়সেও কারও কপালে না জোটে, তবে এই সহায়তা প্রকৃত অর্থে কার জন্য? কত বয়স হলে তবে সরকারি 'বয়স্ক' মনে করবে একজন মানুষকে?

## এসএসসি ও সমমান পরীক্ষার ফল

শিক্ষার্থীরা ১১ থেকে ১৭ জুলাই টেলিটকের মাধ্যমে খাতা চ্যালেঞ্জের জন্য আবেদন করতে পারবেন। প্রতিটি বিষয়ের জন্য ফি ১৫০ টাকা। এবার পরীক্ষায় অংশ নিয়েছে প্রায় ১৯ লাখ ২৮ হাজার শিক্ষার্থী। লিখিত পরীক্ষা ১০ এপ্রিল শুরু হয়ে ১৩ মে শেষ হয়; ব্যবহারিক পরীক্ষা হয় ২২ মে পর্যন্ত।

## মেহেরপুরে জুলাই অভ্যুত্থান দিবস

দায়িত্ব এই গৌরবময় দিনগুলোকে যথাযথ মর্যাদায় পালন করে আমরা জাতীয় ঐতিহ্যকে সমুন্নত রাখব। আমি বিশ্বাস করি, সকল সরকারি কর্মকর্তা ও সংশ্লিষ্ট পক্ষ একযোগে এই উদ্যোগে সফলতা অর্জন করবেন।” সভায় জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সামিউল হক, অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদ্দাম হোসেন, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, কৃষি বিপণন কর্মকর্তা তরিকুল ইসলাম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ মামুন, ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, প্রতিবন্ধী বিষয় কর্মকর্তা তুলসী কুমার পালসহ বিভিন্ন দপ্তরের প্রধান ও সরকারি কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভায় জুলাই মাসে অনুষ্ঠিতব্য অভ্যুত্থান দিবসগুলোকে স্মরণীয় ও মর্যাদাপূর্ণভাবে পালনের জন্য বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয় এবং বিভিন্ন দপ্তরের মধ্যে দায়িত্ব বণ্টন সম্পন্ন হয়। অংশগ্রহণকারীরা ঐতিহাসিক এই দিবসগুলোকে সজীব রাখার জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করেন।

## প্রাথমিক শিক্ষক সমিতির কার্যনির্বাহী

শফিকুল ইসলাম। সভায় উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক মীর সাদিক, টেংরামারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহিদুল ইসলাম, ঝাউবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক মতিউর রহমান, কুলবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমজাদ হোসেন, কালীগাংনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মশিউর রহমান। অপরদিকে, সমিতির সিনিয়র সহ-সভাপতি জাহাঙ্গীর হোসেন, শিক্ষক নেত্রী শাহিনা আক্তার, মিনারুল ইসলাম এবং কোষাধ্যক্ষ আরিফুল ইসলাম সুইটসহ অন্যান্য সদস্যরাও বক্তব্য রাখেন। সভায় প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন, শিক্ষকদের পেশাগত সমস্যা, মর্যাদা ও অধিকার আদায়ের জন্য সম্মিলিতভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করা হয়। শিক্ষক সমাজকে ঐক্যবদ্ধ থেকে শিক্ষার্থীদের জন্য একটি সুন্দর ও আধুনিক শিক্ষাব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করা হয়।

## বিসিডিএস’র মেহেরপুর সদর ও

সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা শাখার জন্য পৃথকভাবে ১৫ সদস্যবিশিষ্ট দুটি কার্যনির্বাহী কমিটি ঘোষণা করা হয়। নবগঠিত মেহেরপুর সদর উপজেলা শাখার সভাপতি নির্বাচিত হয়েছেন রাকিব উদ্দিন আহমেদ এবং সাধারণ সম্পাদক ইসমাইল হোসেন। মুজিবনগর উপজেলা শাখায় সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন আব্দুর রহমান এবং সাধারণ সম্পাদক হয়েছেন আজিজুল হক। কমিটি ঘোষণার পর আলোচনা পর্বে বক্তারা বলেন, ঔষধ ব্যবসায়ীরা বর্তমানে নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন। মেয়াদোত্তীর্ণ ঔষধ সময়মতো কোম্পানির কাছে ফেরত পাঠানো, ঔষধের অপ্রতুলতা, নিম্নমানের ঔষধ, ভেজাল ও অবৈধ ঔষধ প্রতিরোধ, ড্রাগ লাইসেন্স নবায়নে জটিলতা ইত্যাদি ইস্যুতে বিস্তৃত আলোচনা হয়। বক্তারা আরও জানান, মেহেরপুরে স্থাপিত ড্রাগ অফিস জেলার ঔষধ ব্যবসায়ীদের জন্য একটি বড় অগ্রগতি। এজন্য স্বাস্থ্য মন্ত্রণালয় ও ঔষধ প্রশাসনের প্রতি জেলা বিসিডিএস’র পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিসিডিএস’র সহ-সভাপতি রাকিবুল হাসান রন, কার্যনির্বাহী সদস্য মতিউর রহমান, আমিনুল ইসলাম সেন্টু, বাবর আলী, জালাল উদ্দিনসহ সদ্যঘোষিত দুই উপজেলা কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন জেলা বিসিডিএস’র কার্যনির্বাহী সদস্য রিনু।

## গণ-অভ্যুত্থানের শহীদদের স্মরণে ইবি

গতকাল বুধবার (৯ জুলাই) দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে এই

# বাজেট বৈষম্য ও শিক্ষায় ন্যায্যতার দাবি

আবুল কাসেম অনুরাগী



জাতীয় বাজেট একটি দেশের অর্থনৈতিক অগ্রগতি ও সামাজিক উন্নয়নের মানচিত্র উপস্থাপন করে। শিক্ষাখাত বরাবরই দেশের দীর্ঘমেয়াদি উন্নয়নের অন্যতম গুরুত্বপূর্ণ হাতিয়ার। কিন্তু সাম্প্রতিক দুই বছর অর্থাৎ ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বিশ্লেষণ করলে দেখা যায়, শিক্ষাখাতের বরাদ্দে যে বৈষম্য এবং স্বল্পতা রয়েছে তা অত্যন্ত উদ্বেগজনক। ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে শিক্ষায় বরাদ্দ ছিল মোট বাজেটের মাত্র ১১.৮৩ শতাংশ এবং জিডিপির মাত্র ১.৭৫ শতাংশ। ২০২৫-২৬ এর বাজেটে যদিও শিক্ষায় বরাদ্দ কিছুটা বৃদ্ধি পেয়েছে, তবুও তা আন্তর্জাতিক মান ও দেশের বাস্তব চাহিদার তুলনায় যথেষ্ট নয়। ইউনেস্কো এবং বিশ্বব্যাংকের মত আন্তর্জাতিক সংস্থাগুলো সুপারিশ করে থাকে, একটি দেশের জাতীয় বাজেটের অন্তত ২০ শতাংশ এবং জিডিপির কমপক্ষে ৬ শতাংশ শিক্ষায় বিনিয়োগ করা উচিত। শিক্ষায় বরাদ্দের পরিমাণগত ঘাটতি ছাড়াও বরাদ্দের সুষম বণ্টন নিয়ে রয়েছে বড় ধরনের প্রশ্ন। শহুরে ও গ্রামীণ শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে, প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত স্তরভিত্তিক, সাধারণ শিক্ষা ও কারিগরি শিক্ষার মাঝে এবং সুবিধাভোগী ও সুবিধাহীন শিক্ষার্থীর মধ্যে বাজেট বরাদ্দের অসামঞ্জস্য দেখা যায়। বিশেষ করে, দেশের দূরবর্তী ও সেবাহীন অঞ্চলে অবকাঠামোগত ও প্রযুক্তিগত উন্নয়নের অভাব শিক্ষায় বৈষম্য আরও বাড়িয়ে দিয়েছে। সরকারি স্কুল ও কলেজগুলোতে শিক্ষক সংকট, পাঠ্যপুস্তক ও ল্যাব সরঞ্জামের অভাব শিক্ষার্থীদের মৌলিক শিক্ষার অধিকার বিলীন করছে। অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীরা প্রয়োজনীয় সহায়তা না পেয়ে পড়াশোনা ছেড়ে দিতে বাধ্য হচ্ছে। অথচ, একদিকে দেশের অর্থনীতি দ্রুত বাড়ছে, অন্যদিকে শিক্ষা খাতে বরাদ্দ সীমাবদ্ধ থাকায় এই অপ্রতিসমতা দীর্ঘ মেয়াদে দেশের মানবসম্পদ বিকাশে বাধা হয়ে দাঁড়াচ্ছে। আমাদের দেশের উন্নয়নের মূল চালিকাশক্তি হলো ‘মানবসম্পদ’। একটি জাতি যত বেশি শিক্ষিত, দক্ষ ও সুসংগঠিত হবে, তার উন্নয়ন সম্ভাবনা তত বেশি প্রসারিত হবে। এই প্রেক্ষাপটে বাজেটে শিক্ষায় যথাযথ ও ন্যায্য বরাদ্দ থাকা খুবই জরুরি। এটি শুধুমাত্র অর্থ বরাদ্দের প্রশ্ন নয়, বরং জাতীয় অগ্রাধিকার নির্ধারণের বিষয়। বর্তমান বাজেট থেকে শিক্ষা বরাদ্দ বৃদ্ধি করা গেলে গ্রামীণ ও সুবিধাহীন শিক্ষার্থীরাও উন্নত শিক্ষার সুযোগ পাবে, যা সামগ্রিক বৈষম্য হ্রাস করবে। শিক্ষাখাতে ন্যায্য বিনিয়োগ দেশের টেকসই উন্নয়নের মূল ভিত্তি। তাই সরকারকে অবশ্যই আগামী বাজেটে শিক্ষায় বরাদ্দ বৃদ্ধি এবং এর সুষম বণ্টনে গুরুত্ব দিতে হবে। বাজেটে শিক্ষাকে বিনিয়োগ হিসেবে গৃহীত করা প্রয়োজন। কারণ শিক্ষা কেবল বর্তমানের অর্থ ব্যয় নয়, এটি দেশের ভবিষ্যতের জন্য এক বিশাল সম্পদ গড়ার প্রক্রিয়া। সরকারের উচিত শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধির পাশাপাশি আধুনিক প্রযুক্তি, শিক্ষক প্রশিক্ষণ, বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন এবং দুর্যোগপ্রবণ এলাকায় বিশেষ উদ্যোগ গ্রহণ করা।

অতীতের অভিজ্ঞতা বলছে, যেখানে শিক্ষায় যথাযথ বিনিয়োগ হয়েছে, সেখানেই উন্নয়ন ধারা সুগম হয়েছে। বাংলাদেশেও এখন সময় এসেছে সেই পথ অনুসরণের। না হলে শিক্ষায় বৈষম্য ও বাজেটের অসম্পূর্ণতা দেশের মানুষের মাঝে আরও গাঢ় ফাঁক তৈরি করবে, যা জাতিকে পিছিয়ে রাখবে। শিক্ষায় ন্যায্যতা ও সুষম বরাদ্দ নিশ্চিত করা জাতির নৈতিক দায়িত্ব। এক্ষেত্রে সামাজিক সচেতনতা, রাজনৈতিক সদিচ্ছা ও অর্থনৈতিক পরিকল্পনার সমন্বয় জরুরি। না হলে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের স্বপ্ন পূরণ অসম্ভব হয়ে দাঁড়াবে। শিক্ষায় বরাদ্দের এই বৈষম্য দূর করে ন্যায্য ও সুষম শিক্ষাবিন্যাস নিশ্চিত করাই এখন সময়ের অন্যতম প্রধান দাবি। (লেখক: শিক্ষাবীদ ও প্রকাশক আমাদের সূর্যোদয়)

# সন্তানের সুন্দর অর্থবোধক নাম রাখুন

আবদুল্লাহ আল মামুন আশরাফী

সন্তান আল্লাহর পক্ষ থেকে পিতা-মাতার কাছে শ্রেষ্ঠ আমানত। পৃথিবীতে নয়নাভিরাম চিত্তাকর্ষক যত বস্তু আছে সন্তান সেসবের অন্যতম। সন্তানের সান্নিধ্য হৃদয়ে প্রশান্তি আসে। সন্তানের নিষ্পাপ চাহনি আর একচিলতে হাসি মুহূর্তেই সারা দিনের দুঃখকষ্ট আর ক্লান্তি দূর করে দেয়। আপাদমস্তক এক অপার্থিব স্নিগ্ধতা ছড়িয়ে পড়ে। সন্তানের পবিত্র চেহারা দর্শনে হৃদয়তল্লাটে আনন্দের এক অনির্বচনীয় অনুভূতি ছড়িয়ে পড়ে।

আল্লাহপ্রদত্ত শ্রেষ্ঠ আমানত সন্তানের জন্মের পর পিতা-মাতার ওপর বেশ কিছু দায়িত্ব ও কর্তব্য রয়েছে। সে দায়িত্বসমূহের প্রধান একটি দায়িত্ব হচ্ছে সন্তানের সুন্দর ও অর্থবোধক নাম রাখা। সুন্দর অর্থপূর্ণ ও রুচিসম্পন্ন নামকরণের বিষয়ে ইসলামে রয়েছে অনেক গুরুত্বপূর্ণ নির্দেশনা।

সন্তানের সুন্দর অর্থবোধক নাম রাখুনইসলামি দৃষ্টিভঙ্গি হচ্ছে, মানুষের জীবনে নামের বিশাল প্রভাব। কাজেই সন্তানের জন্য একটি সুন্দর ও অর্থবোধক নাম রাখা প্রত্যেক মা-বাবার নৈতিক দায়িত্ব। যাতে এ নামের প্রভাবে পরবর্তী জীবনে সন্তানের স্বভাবচরিত্রে শুচি-শুভ্রতা ফুটে ওঠে।

ব্যক্তির নাম তার স্বভাবচরিত্রের ওপর ইতিবাচক অথবা নেতিবাচক প্রভাব ফেলে। এ বিষয়ে হাদিসে চমৎকার নির্দেশনা রয়েছে।

এ প্রসঙ্গে শায়খ আবু বকর আবু যায়েদ (রহ.) বলেন, ঘটনাক্রমে দেখা যায়, ব্যক্তির নামের সঙ্গে তার স্বভাব ও বৈশিষ্ট্যের মিল থাকে। এটাই আল্লাহতায়ালার হেকমতের দাবি। যার নামের মধ্যে গাম্ভীর্যতা আছে, তার চরিত্রে গাম্ভীর্য পাওয়া যায়। খারাপ নামের অধিকারী লোকের চরিত্রও খারাপ হয়ে থাকে। ভালো নামের অধিকারী ব্যক্তির চরিত্রও ভালো হয়ে থাকে। মন্দ নামের প্রভাব মানুষের চরিত্র ও আচরণকে প্রভাবিত করে। হজরত রসুলুল্লাহ (সা.)-এর কাছে কেউ এলে তার নাম জিজ্ঞেস করতেন। নাম পছন্দ হলে নবী করিম (সা.) খুশি হতেন, অপছন্দ-অর্থহীন হলে তা পরিবর্তন করে অর্থপূর্ণ নাম রেখে দিতেন। পবিত্র কোরআন-হাদিসে অর্থবোধক ভালো নাম রাখার ব্যাপারে তাগিদ দেওয়া হয়েছে। এ প্রসঙ্গে আল্লাহতায়ালা ইরশাদ করেন, ‘তোমরা সন্তানদের তার পিতার নামেই ডাকো, সেটাই আল্লাহর কাছে ন্যায়সংগত।’ সুরা আল আহজাব : ৫।

হজরত ইবনে আব্বাস (রা.) বলেন, একদা সাহাবারা হজরত রসুলুল্লাহ (সা.)-এর কাছে জিজ্ঞেস করলেন, হুজুর! পিতার হক সম্পর্কে তো আমরা আপনার কাছ থেকে জানলাম। পিতার ওপর সন্তানের হক কী এ ব্যাপারে আমাদের জানান। উত্তরে রসুলুল্লাহ (সা.) ইরশাদ করলেন, পিতা সন্তানের অর্থপূর্ণ ভালো নাম রাখবে এবং তাকে সুশিক্ষা দেবে।- সুনানে বায়হাকি। হজরত আবু ওহাব জুশানি (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, হজরত রসুলুল্লাহ (সা.) বলেছেন, ‘তোমরা নবীদের নামে নিজেদের নাম রাখবে। তবে আল্লাহর কাছে সর্বোত্তম নাম হলো আবদুল্লাহ ও আবদুর রহমান।’ সুনানে আবু দাউদ। হজরত আবু সাঈদ খুদরি (রা.) থেকে বর্ণিত, হজরত রসুলুল্লাহ (সা.) ইরশাদ করেন, ‘যার সন্তান জন্মগ্রহণ করে সে যেন সন্তানের সুন্দর নাম রাখে ও সুশিক্ষা দেয় এবং প্রাপ্তবয়স্ক হলে তাকে বিবাহ প্রদান করে।’ সুনানে বায়হাকি। হজরত আবু দারদা (রা.) থেকে বর্ণিত, হজরত রসুলুল্লাহ (সা.) বলেছেন, ‘কিয়ামতের দিন তোমাদের ডাকা হবে তোমাদের পিতার নামে। অতএব তোমাদের নামগুলো অর্থবোধক রাখ।’ সুনানে আবু দাউদ। বিখ্যাত দার্শনিক ও ইসলামি স্কলার ইবনে কাইয়্যুম জাওযি (রহ.) তাঁর কিতাব ‘তুহফাতুল মাওদুদ বি আহকামিল মাওলুদ’-এ লিখেছেন, ‘নামের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবেই মানুষের ভালো-মন্দ আচরণ, চরিত্র ও কর্মধারা প্রভাবিত হয়। মন্দ নামেরও মন্দ প্রভাব রয়েছে। আমাদের সমাজে একশ্রেণির মানুষ সন্তানের নাম নির্ধারণের ক্ষেত্রে স্বেচ্ছাচারিতা, অবহেলা এবং যাচ্ছেতাই মানসিকতার পরিচয় দেন। মনে রাখবেন, সন্তান আপনার কাছে আল্লাহর পক্ষ থেকে আমানত। এর যাচ্ছেতাই ব্যবহার করে আমানতের খেয়ানত করলে আল্লাহর কাছে কঠোর জবাবদিহির মুখোমুখি হতে হবে। আল্লাহ সবার বোধোদয় করুন।

কর্মসূচির উদ্বোধন করা হয়। ছাত্রদল সূত্রে জানা গেছে, কর্মসূচির আওতায় নিম, আম, লটকন, কদবেলসহ বিভিন্ন ফলদ, বনজ ও ঔষধি গাছ রোপণ করা হবে। এসব গাছ শহীদ জিয়াউর রহমান হল, কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন এলাকা ও অন্যান্য গুরুত্বপূর্ণ খোলা জায়গায় লাগানো হবে। উদ্বোধনী আয়োজনে উপস্থিত ছিলেন ইবি ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহম্মেদ, যুগ্ম আহ্বায়ক আবু দাউদ, রুকন উদ্দিনসহ সংগঠনের সদস্য রাফিজ আহমেদ, নূর উদ্দিন, রাকিব হাসান সাক্ষর, রিফাত, আবু কাইসার অপু, রকি, তাপস, রাহাদ, রায়হান, তৌফিক, আল আমিন, রিয়াজ, বাপ্পী, আশরাফুল, হাফিজ, শাহরিয়ার নিলয়, সামি ও আলী নূর প্রমুখ। সংগঠনের আহ্বায়ক সাহেদ আহম্মেদ বলেন, “২৪ জুলাই শহীদদের স্মরণে এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় এ কর্মসূচির আয়োজন করা হয়েছে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে একটি নিমগাছ রোপণের মাধ্যমে কার্যক্রমের সূচনা করেছি।” তিনি আরও জানান, এ কর্মসূচির মাধ্যমে মোট ৫০০ গাছ রোপণ ও বিতরণের লক্ষ্য রয়েছে। ‘চব্বিশের শহীদদের চেতনা হৃদয়ে ধারণ করে আমরা সাম্য ও ন্যায়ের সমাজ প্রতিষ্ঠার প্রয়াসে এগিয়ে চলেছি।’ বিশ্ববিদ্যালয়ের ‘মীর মুগ্ধ সরোবর’ এলাকাকে কেন্দ্র করে একটি পরিকল্পিত বাগান গড়ে তোলার চিন্তাভাবনাও রয়েছে বলে তিনি জানান।

## ৫ মাসে ৩ বার ভারতে যুদ্ধবিমান

প্রশিক্ষণের উদ্দেশ্যে আকাশে ওড়ে বিমানটি। কিছু সময় পরেই সেটি নিয়ন্ত্রণ হারিয়ে বিধ্বস্ত হয় অদূরবর্তী একটি খোলা এলাকায়। ভারতীয় বিমানবাহিনী তাৎক্ষণিকভাবে নিশ্চিত করে, বিমানটির দুই পাইলট বেঁচে ফিরতে পারেননি। বিমানের ধ্বংসাবশেষ চারপাশে ছড়িয়ে ছিটিয়ে পড়ে, তবে সৌভাগ্যবশত দুর্ঘটনাস্থলের আশপাশে কোনো বেসামরিক বাসস্থান বা জনবসতি না থাকায় প্রাণহানি এড়ানো সম্ভব হয়েছে।

দুর্ঘটনার পর ভারতীয় বিমানবাহিনীর তরফে এক সংক্ষিপ্ত বিবৃতি প্রকাশ করে বলা হয়: “আমরা গভীর শোকের সঙ্গে জানাচ্ছি যে, এই দুর্ঘটনায় আমাদের দুই সাহসী পাইলট প্রাণ হারিয়েছেন। তাঁদের আত্মার শান্তি কামনা করি এবং এই কঠিন সময়ে আমরা তাঁদের পরিবারের পাশে আছি।”

জাগুয়ার যুদ্ধবিমান নিয়ে ভারতীয় বিমানবাহিনীর উদ্বেগ বাড়ছে। কারণ চলতি বছরেই এটি তৃতীয় দুর্ঘটনা। একারনে বিমানটি কেন বিধ্বস্ত হলো, তা জানতে উচ্চপর্যায়ের তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। তদন্ত কমিটিকে দ্রুত সময়ের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

জাগুয়ার হলো একটি দুই ইঞ্জিনবিশিষ্ট বোমারু যুদ্ধবিমান, যা ফরাসি ও ব্রিটিশ যৌথভাবে তৈরি করে। ভারতে ১৯৮০’র দশক থেকে এটি ব্যবহৃত হয়ে আসছে। যুদ্ধের পাশাপাশি প্রশিক্ষণেও এটি ব্যবহৃত হয়। তবে অনেক প্রতিরক্ষা বিশ্লেষক মনে করেন, “জাগুয়ার এখন কার্যত অবসরপ্রাপ্ত হওয়ার যোগ্য। প্রযুক্তিগতভাবে পিছিয়ে থাকা ও মেরামতের অভাব এর দুর্বলতা। ভারতীয় বিমানবাহিনী অনেক আগেই এই বিমানকে পর্যায়ক্রমে সরিয়ে ফেলার পরিকল্পনা করেছিল। কিন্তু আধুনিক যুদ্ধবিমানের ঘাটতি ও বিভিন্ন রাজ্যের আবহাওয়া উপযোগী করে প্রস্তুত থাকার কারণে এখনো জাগুয়ারকে সক্রিয় রাখা হয়েছে।এই দুর্ঘটনাগুলো শুধু প্রযুক্তিগত ব্যর্থতা নয়, বরং ব্যবস্থাপনারও ব্যর্থতা। বিমানটির আয়ু শেষ হয়ে এসেছে, অথচ সেটা দিয়ে এখনো গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ চালানো হচ্ছে, যেটা মর্মান্তিক।” সামরিক মহল থেকে বলা হচ্ছে, যুদ্ধবিমানের নিরাপত্তা এবং পাইলটদের জীবনের ঝুঁকি বিবেচনায় নিয়ে দ্রুত সিদ্ধান্ত নিতে হবে।

## নাহিদ ইসলাম

গতকাল বুধবার (৯ জুলাই) দুপুর আড়াইটায় চুয়াডাঙ্গা শহরের শহীদ হাসান চত্বরে অনুষ্ঠিত পথসভায় সভাপতিত্ব করেন এনসিপি কেন্দ্রীয় কমিটির যুগ্ম সমন্বয়ক ও পদযাত্রার সমন্বয়ক মোল্লা এহসান ফারুক। প্রধান অতিথির বক্তব্যে নাহিদ ইসলাম বলেন, “বাংলাদেশকে রাজনৈতিক ও অর্থনৈতিকভাবে পঙ্গু করার পাঁয়তারা চলেছে বহু বছর ধরে। পানির ন্যায্য হিস্যা আমরা পাইনি। সীমান্তে শত শত নিরীহ বাংলাদেশিকে বিএসএফ হত্যা করেছে, অথচ বিগত কোনো সরকার এর সঠিক প্রতিবাদ করতে পারেনি। আমরা স্পষ্ট করে বলে দিচ্ছি আর একজন বাংলাদেশিকেও হত্যা করা চলবে না।” তিনি বিজিবির সদস্যদের উদ্দেশ্যে বলেন, “ভারতীয় প্রতিপক্ষের চোখে চোখ রেখে কথা বলুন। যদি অস্ত্র দেখায়, আপনি নিজের অস্ত্রের ভাষায় জবাব দিন।” এসময় তিনি বলেন, “বিগত ফ্যাসিস্ট সরকার খুন-গুমের মাধ্যমে দেশে ভীতিকর অবস্থা তৈরি করেছিল। দেশের তরুণেরা, জনগণ রক্ত দিয়ে সেই সরকারের বিদায় ঘটিয়েছে। আমরা সেই আত্মত্যাগের মূল্য বুঝি, এবং দেশে একটি নতুন রাজনৈতিক ধারা প্রতিষ্ঠা করতে চাই।” পথসভায় আরও বক্তব্য রাখেন দলটির দক্ষিণাঞ্চলের মূখ্য সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহ, উত্তরাঞ্চলের মূখ্য সমন্বয়ক সারজিস আলম, জ্যেষ্ঠ সদস্য সচিব ডা. তাসনিম জারা, সিনিয়র যুগ্ম আহ্বায়ক সামান্থা শারমিন, মূখ্য সমন্বয়ক নাসির উদ্দিন পাটোয়ারী, আক্তার হোসেন প্রমুখ। নাহিদ ইসলাম বলেন, “জুলাইয়ের ঘোষণাপত্র বাস্তবায়নে আমরা মাঠে নেমেছি এবং মাঠেই থাকব। দেশের প্রত্যেক মানুষের দ্বারে দ্বারে যাবো। জনগণকে সংগঠিত করে এই রাষ্ট্রব্যবস্থাকে বদলাতে হবে। বর্তমান সময়ে ভয়ংকরভাবে বিশেষ চাঁদাবাজি চলছে, যা এখনই প্রতিরোধ করতে হবে।” এর আগে পদযাত্রার অংশ হিসেবে এনসিপি নেতারা মেহেরপুর থেকে যাত্রা শুরু করেন। প্রচণ্ড বৃষ্টিকে উপেক্ষা করে বুধবার বেলা ১২টার দিকে তারা চুয়াডাঙ্গার হাটবোয়ালিয়ায় পৌঁছান এবং সেখানে একটি সংক্ষিপ্ত পথসভায় অংশ নেন। পরে আলমডাঙ্গা হয়ে শহীদ হাসান চত্বরে আসে পদযাত্রাটি। দিনব্যাপী কর্মসূচি শেষে তারা দামুড়হুদা ও দর্শনা হয়ে সন্ধ্যায় জীবননগরে গিয়ে কর্মসূচির সমাপ্তি টানেন।

## সীমান্তে বিএসএফের গুলিতে নিহত

হস্তান্তর করা হয়। ভারতের নদীয়া জেলার কৃষ্ণনগর থানার ওসি অরিন্দম সরকার চুয়াডাঙ্গার দর্শনা থানার ওসি মুহাম্মদ শহীদ তিতুমীরের কাছে মরদেহ হস্তান্তর করেন। পরে দর্শনা থানা পুলিশ তা পরিবারের কাছে বুঝিয়ে দেয়। নিহত ইব্রাহিম বাবুর বাড়ি চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঁঝাডাঙ্গা গ্রামে। পরিবার সূত্রে জানা যায়, গত ২ জুলাই দুপুরে গরুর জন্য ঘাস কাটতে গিয়ে অনিচ্ছাকৃতভাবে ভারতের ভেতরে ঢুকে পড়েন বাবু। এ সময় বিএসএফ সদস্যরা তাঁকে লক্ষ্য করে পরপর দুটি গুলি ছোড়ে। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। বিজিবি সূত্রে জানা গেছে, বাবুর মরদেহ প্রথমে ভারতের এক হাসপাতালে রাখা হয়। পরে বাংলাদেশ সরকারের অনুরোধে ও বিজিবি-বিএসএফের কয়েক দফা যোগাযোগের পর লাশ হস্তান্তরের সিদ্ধান্ত হয়। ৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান বলেন, “সীমান্তে এই ধরনের অনাকাঙ্ক্ষিত মৃত্যুর ঘটনা দুঃখজনক। আমরা শান্তিপূর্ণভাবে মরদেহ হস্তান্তর নিশ্চিত করেছি। ভবিষ্যতে এ ধরনের ঘটনা এড়াতে দুই দেশের মধ্যে সহযোগিতা জোরদার করা হবে।” এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। স্থানীয়রা এ ধরনের হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও আন্তর্জাতিক আইন অনুযায়ী বিচার দাবি করেছেন।

## চুয়াডাঙ্গায় স্টেশনে ট্রেন আটকে

অতিরিক্ত ভাড়া ও খারাপ আচরণে ক্ষুব্ধ জনতা

ট্রেন অবরোধ করে। আমাদের উপস্থিতির সময় মারধরের কোনো ঘটনা ঘটেনি, তবে তার আগেই কিছু হয়ে থাকতে পারে। পরে বিষয়টি মীমাংসা হলে ট্রেন চলাচল স্বাভাবিক হয়।” এর আগে, মঙ্গলবার বিকেলে চুয়াডাঙ্গা সদরের আমিরপুরে ট্রেনে কাটা পড়ে এক যুবক নিহত হন। পরে গেটম্যান নিয়োগের দাবিতে স্থানীয়রা রেলপথ অবরোধ করেন। ওই সময়ও খুলনাগামী কপোতাক্ষ এক্সপ্রেস প্রায় আড়াই ঘণ্টা বন্ধ থাকে।

পরপর দুটি ঘটনায় জেলার রেল যোগাযোগে বিঘ্ন ঘটে এবং যাত্রীদের ভোগান্তি চরমে পৌঁছায়। রেল কর্তৃপক্ষ জানিয়েছে, ঘটনাগুলো তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## এনসিপিকে শুভেচ্ছা জানাতে সড়কে

আলম ক্ষোভ প্রকাশ করেন। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, “তোমাদের এখন স্কুলে থাকার কথা। ক্লাস ফেলে এখানে চলে আসা একদম ঠিক হয়নি। পড়াশোনা বাদ দিয়ে আমাদের দেখতে আসা তোমাদের কাজ না।” তবে কিছুক্ষণ পরেই তার কণ্ঠে আবেগের সুর ধরা পড়ে। কোমল হয়ে উঠে তার ভাষা। তিনি বলেন, “তোমাদের এই ভালোবাসা দেখে হৃদয় কেঁপে উঠেছে। আমরা যেন এই ভালোবাসার প্রতিদান দিতে পারি। জীবন দেওয়া যদি লাগে, তাও দিতে প্রস্তুত। তোমরা মন দিয়ে পড়াশোনা করো। আমাদের চেয়েও বড় হও, দেশের জন্য গর্বের মতো কিছু করে দেখাও।” তার এই মানবিক ও স্নেহমিশ্রিত মন্তব্যে উপস্থিত নেতা-কর্মীসহ সাধারণ মানুষ আবেগাপ্লুত হয়ে পড়েন। অনেকেই বলেন, রাজনীতির ময়দানে এমন আন্তরিকতা ও শিক্ষার্থীদের প্রতি দায়িত্ববোধ বহুদিন পর দেখলেন তারা। মঙ্গলবার (৯ জুলাই) দুপুর সাড়ে ১২টার দিকে হাটবোয়ালিয়ায় গাড়িতে বসেই স্থানীয় নেতা-কর্মীদের সঙ্গে মতবিনিময়ের মধ্য দিয়ে ‘জুলাই পদযাত্রা’ কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা করেন এনসিপির কেন্দ্রীয় নেতারা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম, সদস্য সচিব আক্তার হোসেন, মুখ্য সংগঠক সার্জিস আলম ও হাসনাত আব্দুল্লাহ, ডা. তাসনিম জারা এবং জেলা ও উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ।

## ইরান প্রমাণ করেছে, একসাথে

যে তোমাদের চ্যালেঞ্জ করতে পারি।’ বুধবার (৯ জুলাই) এক প্রতিবেদনে এ খবর দিয়েছে মেহর নিউজ।

গত ১৩ জুন ইসরাইলি বাহিনী যুক্তরাষ্ট্রের অভূতপূর্ব সামরিক ও গোয়েন্দা সহায়তায় ইরানের উপর একাধিক বিমান হামলা চালায়। এর জবাবে ইরানের সশস্ত্র বাহিনী দ্রুত প্রতিরক্ষামূলক তৎপরতা শুরুর পর পাল্টা আক্রমণে যায়। ‘অপারেশন ট্রু প্রমিস থ্রি’ নামের এই অভিযানে ইরান অধিকৃত ফিলিস্তিনের ভেতরে গুরুত্বপূর্ণ পারমাণবিক, সামরিক ও শিল্প স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও সশস্ত্র ড্রোন হামলা চালায়। তেলআবিব, হাইফা এবং বেইর শেভাসহ ইসরাইলের গুরুত্বপূর্ণ অঞ্চলগুলোতে এই হামলা চালানো হয়। টানা পাল্টা হামলার কারণে মাত্র বারো দিনের মধ্যে ইসরাইল যুদ্ধবিরতির জন্য তৎপর হয়, যদিও তারা নিজেদের ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার পাশাপাশি যুক্তরাষ্ট্রের উন্নত ক্ষেপণাস্ত্র ব্যবস্থাও ব্যবহার করেছিল। ইসরাইলি সংবাদমাধ্যম জানায়, এই হামলার ফলে বাট ইয়াম শহর ধ্বংসস্তূপে পরিণত হয়, যা গাজার যুদ্ধবিধ্বস্ত দৃশ্যের মতো হয়ে যায়। পাল্টা হামলায় ইরান কাতারে অবস্থিত যুক্তরাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ আঞ্চলিক ঘাঁটি আল-উদেইদেও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা চালায়, যা যুক্তরাষ্ট্রের হামলার জবাব হিসেবে আসে। রেজায়ি বলেন, ‘কোনো দেশই এমন হামলা চালানোর সাহস দেখায় না। এমনকি চীনও এমন হামলা চালানোর সাহস করে না। এই কথাটি পুরোপুরি প্রমাণিত হয়েছে ইরানের পাল্টা হামলার মাধ্যমে।’ তিনি বলেন, কাতারি সূত্র অনুযায়ী আল-উদেইদ ঘাঁটিতে পাঁচ থেকে ছয়টি বিস্ফোরণ হয়েছিল, যদিও যুক্তরাষ্ট্র দাবি করেছিল কেবল একটি ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছিল। রেজায়ি আরও বলেন, এই পাল্টা আক্রমণ ইরানের শক্তির প্রদর্শন এবং অঞ্চলে ইরানের মর্যাদা বৃদ্ধির প্রমাণ। একটি অর্থে, আমরা শীর্ষে পৌঁছানোর দিকে যাত্রা শুরু করেছি, তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো থেমে না যাওয়া, যদিও ইসরাইল ও যুক্তরাষ্ট্র আমাদের থামানোর জন্য কঠোর চেষ্টা করছে। এই প্রতিরোধ প্রমাণ করেছে যে ইসলামি প্রজাতন্ত্র আস্থা রাখার মতো শক্তি, যা অনেক আঞ্চলিক দেশ উপলব্ধি করেছে। রেজায়ি বলেন, ‘ইসরাইল ও যুক্তরাষ্ট্র এক বছরের বেশি সময় ধরে ইরানের বিরুদ্ধে হামলার পরিকল্পনা করেছিল এবং গ্রিস ও ভূমধ্যসাগরে মহড়া করেছিল, কিন্তু তারা ইরানের সর্বোচ্চ নেতা বা জাতীয় নিরাপত্তা পরিষদের কোনো সদস্যকে ক্ষতিগ্রস্ত করতে ব্যর্থ হয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরাইল ইরানে বিশৃঙ্খলা তৈরি, রাজধানী তেহরানে বিরোধী শক্তিকে ঢোকানো এবং ইরানকে ভেঙে ফেলার চেষ্টা করেছিল, কিন্তু তাতেও ব্যর্থ হয়েছে। তাদের পরিকল্পনায় সিরিয়ার মতো ইরানের সামরিক অবকাঠামোর উপর ব্যাপক হামলা চালানোরও পরিকল্পনা ছিল, যা ব্যর্থ হয়েছে। এছাড়া ইরানের আকাশসীমা নিয়ন্ত্রণের চেষ্টা করলেও তারা তা করতে পারেনি। এই যুদ্ধে ইসরাইল প্রায় বিশ বিলিয়ন ডলার ক্ষতি করেছে এবং যুক্তরাষ্ট্রের মহামূল্যবান ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ক্ষয় হয়েছে, যা তৈরি করতে যুক্তরাষ্ট্র দুই বছর সময় নিয়েছিল। ইসরাইলের প্রতিটি পরাজয় আমাদের বিজয়ের সমান, যা তাদের ব্যয়, নিরাপত্তার ভাঙন এবং তাদের লক্ষ্য পূরণে ব্যর্থতার মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে।’

## চুয়াডাঙ্গায় ৯ কেজি ভারতীয় দানাদার

এবং নেতৃত্ব দেন হাবিলদার মোঃ মিজানুর রহমান। অভিযানকালে বিজিবি সদস্যরা সীমান্ত এলাকায় একটি যাত্রীবিহীন ইজিবাইককে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করতে দেখে থামার সংকেত দেয়। কিন্তু চালক ইজিবাইক ফেলে রেখে দ্রুত পালিয়ে যায়। পরে ইজিবাইক তল্লাশি করে চালকের আসনের নিচ থেকে একটি প্যাকেট পাওয়া যায়, যাতে ৯ কেজি ভারতীয় দানাদার রুপা ছিল।এ ঘটনায় হাবিলদার মোঃ মিজানুর রহমান দামুড়হুদা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। উদ্ধারকৃত রুপা চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে। ব্যাটালিয়ন অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোঃ নাজমুল হাসান বলেন, সীমান্ত এলাকায় মাদক ও মূল্যবান ধাতব পদার্থ চোরাচালান রোধে তাদের অভিযান অব্যাহত থাকবে।

## মেহেরপুরে এডিপি’র অর্থায়নে

মানবিক উদ্যোগ। অনুষ্ঠানে উপস্থিত রোগীদের প্রাথমিক চিকিৎসা দেয়া হয় এবং প্রয়োজনীয় ওষুধও বিনামূল্যে বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ওষুধ বিতরণ করেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। তিনি বলেন, “সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ডের সুফল যেন প্রত্যেক সাধারণ মানুষের দরজায় পৌঁছে, এজন্য উপজেলা প্রশাসন সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিনামূল্যে ওষুধ বিতরণের এই কর্মসূচি তাদের জন্য এক বড় সহায়তা।” এ সময় সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আন্‌জুমান আরা, ইপিআই সুপারভাইজার তোফাজ্জল হোসেন এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন। প্রাথমিক চিকিৎসা ও পরামর্শ প্রদান করেন উপজেলা স্বাস্থ্য বিভাগের মেডিকেল অফিসার ডা. কামরুন নাহার। অনুষ্ঠানটি স্বাস্থ্যসেবায় সরকারি উদ্যোগের একটি ভালো দৃষ্টান্ত হিসেবে মূল্যায়িত হয়। উক্ত কর্মসূচিতে সদর উপজেলার স্যানিটারি ইন্সপেক্টর তরিকুল ইসলামসহ অন্যান্য সংশ্লিষ্ট স্বাস্থ্যকর্মী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরাও উপস্থিত ছিলেন।

## ১০ জুলাই: বাংলা ব্লকেডে স্থবির

কর্মসূচি পালনের আহ্বান জানান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা।

বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে রাজধানীর শাহবাগ মোড়ে এ কর্মসূচি ঘোষণা করেন আন্দোলনের অন্যতম সমন্বয়ক আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া।

তিনি বলেন, ‘আজ বৃহস্পতিবার বিকেল সাড়ে ৩টা থেকে বাংলাদেশের সর্বত্র সড়ক ও রেলপথে শিক্ষার্থীরা বাংলা ব্লকেড কর্মসূচি অব্যাহত রাখবেন। বিকাল সাড়ে ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরির সামনে থেকে আমরা কর্মসূচি শুরু করব এবং শিক্ষার্থীরা সারাদেশের গুরুত্বপূর্ণ পয়েন্টে ব্লকেড কর্মসূচি সফলভাবে পালন করবেন।’

বুধবার সকাল-সন্ধ্যা ‘বাংলা ব্লকেড’ কর্মসূচি সারাদেশে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যায়ের শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক সাড়া ফেলে। সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত রাজধানীর জনবহুল ও গুরুত্বপূর্ণ ২৫ টি পয়েন্টে আন্দোলনকারীরা তাদের দাবি সংবলিত প্ল্যাকার্ড নিয়ে সড়ক অবরোধ করেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন কেন্দ্রীয়ভাবে শাহবাগ মোড় অবরোধ করে কর্মসূচি পালন করে। সেখান থেকে অবরোধ তুলে নেওয়ার আগে শিক্ষার্থীরা সরকারি চাকরির সব গ্রেডে সর্বোচ্চ ৫ শতাংশ কোটা রেখে কোটাব্যবস্থা যৌক্তিক সংস্কার করে আইন পাসের দাবি জানান।

এদিন সকাল ১০টার আগেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে মিছিল নিয়ে লাইব্রেরি চত্বরে জড়ো হন শিক্ষার্থীরা। একপর্যায়ে তারা সেখান থেকে মিছিল করে কোটাবিরোধী বিভিন্ন স্লোগান দিয়ে শাহবাগসহ বিভিন্ন পয়েন্টে অবস্থান নেন। শাহবাগে আসার পর আন্দোলনের সমন্বয়কদের নির্দেশনা মোতাবেক বিভিন্ন ভাগে বিভক্ত হয়ে শাহবাগের আশেপাশের সড়কগুলো অবরোধ করেন শিক্ষার্থীরা। এর মধ্যে শাহবাগ মোড়, কারওয়ান বাজার মোড়, হোটেল ইন্টারকন্টিনেন্টাল মোড়, বাংলামোটর, ফার্মগেট মোড়, শিক্ষা চত্বর, মৎস্য ভবন মোড়, চানখাঁরপুল মোড়, বঙ্গবাজার মোড় অবরোধ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়, ইডেন মহিলা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, শেখ বোরহান উদ্দিন পোস্ট গ্র্যাজুয়েট কলেজের শিক্ষার্থীরা।

এদিন বেলা সাড়ে ১১টায় সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিলের পরিপত্র অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ের ওপর এক মাসের স্থিতাবস্থা দেয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। পাশাপাশি পরবর্তী শুনানির জন্য আগামী ৭ আগস্ট দিন ধার্য করা হয়। এক মাসের স্থিতাবস্থার রায়ের পর প্রধান বিচারপতি শিক্ষার্থীদের ঘরে ফিরে যাওয়ার আহ্বান জানান।

এদিকে দুপুরে রাজধানীর কারওয়ান বাজার সংলগ্ন রেলপথ অবরোধ করেন আন্দোলনরত শিক্ষার্থীরা। প্রায় এক ঘণ্টা যাবৎ তাদের অবরোধের কারণে দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত সারাদেশের সঙ্গে রেল চলাচল বন্ধ হয়ে যায়। একইসঙ্গে বাস, ট্রাক, প্রাইভেটকার, রিক্সা, ভ্যান ও মোটরসাইকেলসহ সব ধরনের যান চলাচলও বন্ধ করে দেন আন্দোলনকারীরা।

গুলিস্থান জিরো পয়েন্ট ও পল্টন মোড়ও অবরোধ করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। তারা সকাল ১০টা থেকে গুলিস্তানে নূর হোসেন চত্বর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ করে দেন।

এছাড়া, রাজধানীর সায়েন্সল্যাব অবরোধ করেন ঢাকা কলেজের শিক্ষার্থীরা। অপরদিকে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের মহাখালী অংশের সড়ক অবরোধ করেন সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীরা।

রাজশাহী অঞ্চলের গুরুত্বপূর্ণ সড়ক অবরোধ করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী কলেজের শিক্ষার্থীরা। সিলেট-সুনামগঞ্জ মহাসড়কসহ সিলেটের গুরুত্বপূর্ণ সড়ক অবরোধ করেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ময়মনসিংহ শহরের গুরুত্বপূর্ণ সড়ক অবরোধ করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। রংপুর মডার্ন মোড় অবরোধ করেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। দেওয়ান হাটসহ চট্টগ্রামের গুরুত্বপূর্ণ সড়ক অবরোধ করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত কলেজসমূহের শিক্ষার্থীরা। ঢাকা-পাবনা মহাসড়ক অবরোধ করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ঢাকা-দিনাজপুর মহাসড়ক অবরোধ করেন হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ঢাকা- ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।